ওঁ নমঃ প্রমদেবতায়ৈ



(মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়ন-প্রণীত-মার্কণ্ডেয়পুরাণান্তর্গতা)

পণ্ডিতপ্রবর—

শ্রীমৎ কৃষ্ণচন্দ্র স্মৃতিতীর্থকৃতয়া স্থপ্রভাখ্যয়া টীকয়া তদমুরূপবঙ্গানুবাদেন চ সমেতা

ষষ্ঠ সংস্করণ

১৩৪৭, আশ্বিন

म्ला > वक हाका

প্রকাশক— শ্রীমনোজ ভট্টাচার্য্য ৩৮ নং হরমোহন ঘোষ লেন, কলিকাডা

প্রাপ্তিস্থান— হ্রিহ্র লাইত্রেরী ২৯, কর্ণওয়ালিস ষ্ট্রাট্ট, কলিকাতা

> ভাগবত প্রেস প্রিন্টার—শ্রীণরমেশ্বর কর ৩৪ নং হরমোহন ঘোষ লেন, কলিকাডা

ভূমিকা

প্রায় দশ বংসর পূর্বের শ্রীশ্রীদেবীমাহাত্ম্য চণ্ডীর একটি সর্বাঙ্গস্থনর সংস্কর্ম প্রকাশ করিবার একান্ত স্পৃহা প্রণোদিত হওয়ায় প্রথমে মূল,তং-পরে অন্বয়, তৎপরে গোপালচক্রবর্ত্তীর টীকা এবং সর্ববেশ্যে অন্তবাদ দিয়া উহা মুদ্রিত করিতে আরম্ভ করি। প্রায় ৫ ফর্মা মুদ্রিত হইলে দেবী ও মহাস্তবের মহাসমরের পর্য্যালোচনা করিতে করিতে ইউরোপীয় মহাসমর উপস্থিত হয়। এই ভাবে এত দীর্ঘকাল সমর চলিতেছিল যে, তথন মনে হইয়াছিল-"পঞ্চ বর্ষসহস্রাণি বাছপ্রহরণো বিভূঃ" অর্থাৎ বাছযুদ্ধেই পাঁচ হাজার বংসর অতিক্রামিত হইয়াছিল। তাদুশ যুদ্ধে দেশ বেশ ব্যতিবাস্ত হইতে লাগিল এবং ক্রমশঃ কাগজ ও মুদ্রাযন্ত্রাদি ত্র্মূল্য ও ত্রস্তাপ্য হইতে লাগিল; বাধা হইয়া আমাদের এ কার্যাও বন্ধ রহিল; ভাহার ফলে বছ পরিশ্রম ও অর্থবায় বিফলে চলিয়া গেল। পরে নানারপ চেষ্টার ফলে মুদ্রাঘন্তের অনেকটা স্থবিধা করিয়া লইলাম, ইতোমধ্যে ঐরপ চণ্ডী চুই একথানি বাহির হইল, এইজন্ম পূর্ব্বমূদ্রিত চণ্ডীর শৈলী পরিত্যাগ করিলাম এবং মনে মনে চিন্তা করিলাম যে, প্রাচীন সংস্কৃত টীকার ব্যাকরণের বিচার ও অন্যান্ত প্রাপঞ্চিক বছ বিষয় সন্নিবিষ্ট আছে; বর্তমান যুগের ক্ষীণশক্তি লোকের তাদৃশ বিচার-বছল টীকাদি পাঠে অনেকেরই অধিকার ও অবসর নাই; যাহা প্রকৃত বস্তু, তাহার কথঞ্চিৎ উপ-লব্ধি করিতে পারিলেই যথেষ্ট, এইজন্ম গোপালচক্রবর্তী ও অন্যান্ত

বহু প্রাচীন টীকাকারগণের ব্যাখ্যার সার সঙ্কলন করিয়া "স্থপ্রভা" নামে একটি তাৎপর্যা প্রতিশব্যক্ত টীকা রচনা করিয়া চণ্ডীর এই অভিনব সংস্করণ প্রকাশ করিলাম। প্রাণা করি, বিদমগুলী ইহাতে তৃপ্ত হইবেন্। সংস্কৃতভাষায় যাঁহাদের তাদৃশ অধিকার নাই, তাঁহারা যাহাতে টীকার সমস্ত বিষয় অবগত, হইতে পারেন সেইজন্ত ঠিক টীকানুযায়ী একটি অনুবাদ 🌠ওয়া হইয়াছে, ভদ্ভিন্ন ঋর্থেদোক্ত দেবীস্থক্ত, দেবীস্থক্তের সায়ণভাষা ও তাহার অমুবাদ এবং অর্গল, কীলক ও দেবীকবচ অমুবাদের সহিত স্ত্রিবিষ্ট হইল। আমরা বহু প্রাচীন ও ন্বীন পুত্তক অহুসন্ধান করিয়া ইহাতে কতকগুলি অতিরিক্ত বিষয় সন্নিবিষ্ট করিলাম। চণ্ডী পুরশ্চরণ, রাত্তিস্ক্ত, শাপোদ্ধার, উৎকীলন, সপ্তশতীন্তাস, রহস্ত-ত্ত্রয়, কাত্যায়নীতন্ত্র-সমত পুটিত চণ্ডীপাঠের প্রয়োগ ও সম্বন্ধাদি এ গ্রন্থে সন্নিবেশিত হইল। এত বিষয় সন্নিবেশ সংযুক্ত চণ্ডী इंडः भृत्वं जात मृक्षि इम्र नार विनम्रोरे जामारनत धात्रण। সংস্কৃতভাষায় যাঁহারা তাদৃশ অধিকারী নহেন, তাঁহারা যাহাতে কুল না হন, দেইজন্ম প্রত্যেক বিষয়ের বঙ্গামুবাদ দেওয়া হইয়াছে ৷ বিশেষতঃ ইহার পাদটীকায় (ফুট্নোটে) বহু নৃতন বিধয়ের সল্লিবেশ হইয়াছে; এ বিষয়ে বাঁহারা অমুসন্ধিৎত্ব, তাঁহারা ইহার সাহায্যে বহু উপকার বোধ করিবেন। ইহাতে রহস্ত প্রকরণের যে সমন্ত বিষয়ের সন্নিবেশ হইয়াছে, তাহা অনেকের পক্ষে বেশ নৃতন इहेरव वनियारे भरन रय।

শ্রীশাৰ্কণ্ডের পুরাণান্তর্গত দেবীমাহাত্ম্য চণ্ডী সম্পাদন অতি কঠিন

কান্স, বিশেষ ভক্তিমান্ না হইলে ইহা সম্পাদন করা স্থকটিন, মাদৃশ বিভা বৃদ্ধি ও ভক্তিহীন ব্যক্তির পক্ষে ইহা অতীব ছঃসাধ্য; তবে অপরাধ ভঞ্জন প্রার্থনার মধ্যে একটি শ্লোক আছে—

মাত্রাপদশ্লোক-বিদর্গবিন্দুন্নোপিকা যে মম পাঠদোষাঃ।
অন্তেহপি দোষান্তব দেবি সহা, যতোহহমজ্ঞো জনিতন্ত্রৈব"।

ক্ষর্থাৎ হে মাতঃ! আমার সমস্ত পাঠদোষ তুমি ক্ষম। করিবে, কারণ আমার মত অজ্ঞ ব্যক্তিরও তুমিই উৎপাদিকা। তদমুসারে আমিও এই বলিয়া অন্তরে শান্তিস্থাপন করিব যে, আমার স্থায় অজ্ঞ ব্যক্তির অন্তর্গোমিণী দেবী যে ভাবে যাহা ক্ষুরণ করাইয়াছেন, আমা কর্তৃক ভাহাই ক্রিত হইয়াছে। ইতি

৩৮ নং হরমোহন ঘোষ লেন, সংস্কৃত বিভালয়, কলিকাতা ২৬শে ভাস্ত, ১৩৩৫

শ্রীকৃষ্ণচন্দ্র দেবশর্মা

ষষ্ঠ সংস্কণের বিজ্ঞাপন

পঞ্চম সংস্করণের পুস্তক নিংশেষিত হওয়ায় এই সংস্করণ প্রকাশিত হইল। স্বর্গীয় পিতৃদেব-প্রসাদপ্রদত্ত বস্তুজাত রক্ষার জন্ম আমরা সর্ব্বদা সমত্র। সংশোধন সম্বন্ধে আম্বা যথাসাধ্য মত্র করিয়াছি, যদি কিছু ক্রটী ঘটিয়া থাকে, তাহা আমাদের অযোগ্যতার পরিচায়ক। ইতি।

> ১লা আধিন বিনীত— সন ১৩৪৭ প্রকাশক

অতিরিক্ত-বিষয়-সন্নিবেশক্রম

প্রথমাংশে—

চণ্ডীবিবরণম্

ষট্-সংবাদ-কথা দেবীচরিততত্ত্বমৃ

শ্লোকসংখ্যা

চণ্ডীপাঠফলম্

চণ্ডীপাঠপ্রণালী

চণ্ডীপূজাবিধিঃ

নবার্ণমন্ত্রঃ

উৎকীলনমন্ত্রঃ

শাপোদ্ধারঃ

অৰ্গলা

কীলকমৃ

কবচমৃ

রাতিসূক্তম্

খাষ াদিন্যাসঃ

শেষাংশে—

দেবীসূক্তম্

দেবীস্ক্রপাঠানন্তরপাঠ্যম্

প্রাণানিকরহস্থম্

বৈকৃতিকরহস্তম্

মূর্ত্তিরহস্থম্

সম্পুটপ্রকাশঃ

সম্পুটচ গ্রীপাঠসঙ্কলঃ

চণ্ডীপুরশ্চরণমৃ

চণ্ডীর বিবরণ

১ম অধ্যায়—মধুকৈটভ বধ।

স্বারোচিষ মন্থর অধিকার কালে চৈত্র-বংশ-সন্থৃত রাজা স্থরথ পুত্রবৎ প্রজা প্রতিপালন করিতেন, তিনি কোলা নামক তদীয় অন্ততম রাজধানী শুসকারী যবনরাজগণ কর্ত্বক আক্রান্ত ও পরাভূত হন। পরে নিজ রাজধানীতে আদিয়া হৃতাধিপত্য বশতঃ মৃগয়াচ্ছলে একটি অখে আরোহণ প্রকি বনে গমন করেন। তর্থন তিনি বনমধ্যে অতি রমণীয় মেধস মৃনির আশ্রম দেখিতে পাইলেন।

সেই আশ্রমের পরম রমণীয় শোভা দর্শন করিয়া রাজা স্থরথ প্রীত হইলেন; তথায় সমস্ত হিংশ্রজন্ত হিংশাবৃত্তিশৃত্য। রাজা সেই আশ্রমের চতৃঃপার্শ্বে ইতন্ততঃ ভ্রমণ করিতেছেন এবং মনে ভাবিতেছেন আমার পূর্ব্বপুরুষাদি পালিত রাজধানী আমার ত্ব্বৃত্ত অমাত্যগণ ধর্মতঃ প্রতিপালন করিতেছে কিনা এবং আমার মদ্রাবী হন্তী শক্রর বশীভূত হইয়া কিরপ আছে, আমার ব্যয়শীল অমাত্যগণ আমার তঃখদঞ্চিত ধনরত্ব ব্যয় করিয়া কোষাগার শৃত্য করিতেছে। রাজা এইরপ ও অত্য নানারপ ভিন্তা করিতেছেন, এমন সময়ে সেই বনে সমাধি নামক একজন বণিকের সহিত তাঁহার সাক্ষাৎ হয়, ঐ বণিক্ও অনেক অর্থাদি সঞ্চয় করিয়াভিলেন; কিন্তু স্ত্রীপুত্রাদি তাহা আত্মসাৎ করিয়া তাঁহাকে বিতাড়িত করিয়াছে, তাই তিনি বনে আদিয়াছেন। রাজা ও বণিক্ উভয়েরই স্থারের বেদনা একরপ, উভয়ে সন্মিলিত হইয়া পরস্পর কথোপকথন আরম্ভ করেন যে, যাহারা পিতৃস্বেহ ও পতিস্বেহ ত্যাগ করিয়া আমাদিগকে

বিভাজিত করিয়াছে, ভাহাদের মায়ায় আমাদের প্রাণ কাঁদিয়া আকুল হয় কেন? উভয়ে পরামর্শ করিয়। ইহার কারণ অফুসন্ধানের জন্ম সেই আশ্রমে মেধদ ঋষির নিকট উপস্থিত হন এবং প্রণিপাতপূর্বক ঋষির চরণ-প্রাপ্তে হৃদয়ের বেদনা বিজ্ঞাপিত করেন। ঋষি বলিলেন—তোমাদের জ্ঞান অতি অল্প, যাহারা প্রকৃত জ্ঞানী তাহাদের চিত্তও মহানায়া বলপূর্বক মাহে নিক্ষিপ্ত করেন, ভোমাদের আর কথা কি ?

রাজা ও বণিক্ জিজ্ঞাদা করিলেন,— মহামায়া কে? কোথায় তাঁহার উৎপত্তি এবং তাঁহার কার্য্যই বা কিরূপ? ঋষি বলিলেন, তিনি নিত্যা, তাঁহার জন্মাদি কিছুই নাই, তথাপি তাঁহার লীলা ও রূপ্ যংকিঞ্চিৎ আমি বর্ণনা করিতেছি, শ্রবণ কর।

"থখন প্রলয়কালে সমস্ত পৃথিবী জলময় ছিল, তখন কারণার্ণবে ভাস-মান বিষ্ণুর কর্ণ হইতে মল নির্গত হয় এবং সেই মল হইতে মধু ও কৈটভ-নামে প্রবলপরাক্রান্ত ছই অস্ত্রর উৎপন্ন হইয়া দেবগণকে পীড়িত করে; এদিকে বিষ্ণু তখন যোগনিস্রায় নিজিত; সমস্ত দেবগণ অস্তরবধের জন্ম ব্রহ্মার সহিত বিষ্ণুর নিকটে গেলেন এবং যোগনিস্রার্কপিণী মহা-মায়ার স্তব আরম্ভ করিলেন। এ অধ্যায়ে ব্রহ্মাদিরত মহামায়ান্ডোত্র অতি উপাদেয় দার্শনিক দিছান্ত; অনুসন্ধিৎস্বগণ ভাহা গ্রন্থমধ্যে অন্ত-সন্ধান করিবেন।

দেবগণের স্তবে তুটা মহাদেবী যোগনিক্রা বিষ্ণুর নেত্র ত্যাগ করিলে বিষ্ণু দেবতাগণের তঃখের কারণ অবগত হইয়া মধুও কৈটভকে বধ করিতে উগ্রত ইইলেন, বাহুযুদ্ধেই পাঁচ হাজার বংসর অতীত হইল, পরে সম্ভুট হইয়া মধুও কৈটভ মাহামায়ার মোহে মৃগ্ধ হইয়া বিষ্ণুকে বলিল—আমরা যুদ্ধে ভোমার প্রতি সন্তুষ্ট হইয়াছি, তুমি বর লও। বিষ্ণু বলিলেন,—ভোমরা আমার বধ্য হইবে, আমি এই বর চাহি; অস্কর্বহয় সমগ্র পৃথিবী জলমগ্ন দেখিয়া বলিল—"যে স্থান জলহীন, এরপ স্থলে আমরা ভোমার বধ্য হইতে পারি"। ভগবান্ বলিলেন—তথাস্ত, এই বলিয়া নিজ জঘনে রাখিয়া অস্ক্রদ্যকে বধ করিয়া দেবভাদিগকে রক্ষাক্ষিলন।

২য় অধ্যায়—মহিষাস্থর-দৈন্যবধ

পুরাকালে মহিষাস্থর নামে এক দৈত্য একশত বৎসর পর্যান্ত দেবগণের সহিত যুদ্ধ করিয়া ইন্দ্রন্ধ কাড়িয়া লইল, ইন্দ্রাদি দেবগণ ধরাধামে মর্ত্যানার স্থায় বিচরণ করিতে লাগিলেন। দেবগণ হংখে ব্রহ্মাকে লইয়া শিব ও বিষ্ণুর নিকটে উপস্থিত হইলেন, অন্তরবুত্তান্ত শ্রেবণ করিয়া ক্রোধে শিব ও বিষ্ণু ক্রকুটিপূর্ণ মুখ বিস্তার করিলেন, তাহাতে অসীম তেজঃ-পুঞ্জ নিক্রামিত হইল, ক্রমে সমস্ত দেবগণের ও তেজ নিক্রান্ত হয় এবং জলন্ত পর্বতের ক্রায় তেজঃ-পুঞ্জ স্ত্রীমৃর্ত্তিতে পরিণত হয়, শস্ত্রর তেজে মুখ, বিষ্ণুর তেজে বাহু, যমতেজে কেশ, ব্রহ্মার তেজে পাদ, সুর্যোর তেজে অঙ্গুলী ইত্যাদিরূপে দেই স্ত্রীমৃর্ত্তিত গরিণত হয়, দেবতাগণ নিজ নির্দ্ধ ও অস্ত্রশস্ত্র দারা তাঁহাকে ভৃষিত করেন। শিব শূল, বিষ্ণু চক্র, বরুণ শন্ধ, ত্তাশন শক্তি ও অন্তান্ত দেবগণ নানাবিধ অস্ত্রশস্ত্র দেন, এই ভাবে জগন্মাহিনী শক্তিমৃর্ত্তির স্কৃষ্টি হয়।

সিংহক্ষমরু। দেবী দেবতার পরমশক্র মহিষাস্থরের সৈত্যগণের সহিত যহাযুদ্ধ আরম্ভ করেন। দেবী একাকিনী এবং অস্থর্নস্থ অসংখ্য; এজন্ত দেবী নিখাস ত্যাগ করিলেন, সেই নিখাস হইতে বছ শত প্রমথ উৎপন্ন হইল, প্রমথগণও অন্ত্রশন্ত্রে পরিবৃত হইয়া যুদ্ধ আরপ্ত করে। দেবীযুদ্ধ অতি ভয়ানক, দেই যুদ্ধে মহিষাস্থরের দৈগুগণ নিহত হয়।

তৃতীয় অধ্যায়—মহিষাস্থর বধ

দেবী ও প্রমথগণের যুদ্ধ মহিষান্তর অত্যন্ত ব্যতিব্যন্ত হইয়। পড়িল প্রথমে মহিষাকার ধারণ, তৎপরে সিংহাকার ও মহাগজাকার এবং পুনর্বার মহিষদেহ ধারণ করিয় মায়াবী মহিষান্তর দেবীর সহিত মহাসুদ্ধ করিয়া পরিশেষে দেবীর অস্ত্রে নিহত হইল।

চতুর্থ অধ্যায়—শক্রাদি-স্তৃতি

মহিষাস্থর বধে দেবগণ পরম সম্ভষ্ট হইলেন এবং দেবীর বছবিধ শুব করিলেন। দেবী সম্ভষ্ট হইয়া দেবভাগণকে রক্ষা করিবেন বলিয়া আখাস দিলেন। ইহার নাম শক্রাদি মাহাত্ম্য; ইহা অভি উপাদেয়, বুভুৎস্কুগণ চণ্ডীর মধ্যে ইহা সম্যক্রপে বুঝিয়া লইবেন।

পঞ্চম অধ্যায়—দেবী ও দূতের কথোপকথন

পুরাকালে শুন্ত ও নিশুন্ত নামক তুই প্রবল পরাক্রমশালী দৈত্য ইল্রের ইল্রেড কাড়িয়া লওয়ায় পূর্ববর অনুসারে দেবগণ হিমালয়ে যাইয়া দেবীর নানাবিধ স্তৃতি করেন, স্তবে তুরা দেবী দেবগণকে অভয় দেন, এরূপ অবস্থায় শুন্ত ও নিশুন্তের ভূত্য চণ্ড ও মুণ্ড দেবীর ভুবনমোহিনী মূর্ত্তি দর্শন করিয়া দৈত্যরাজ শুন্ত ও নিশুন্তকে বলিল,—আপনারা ইহাকে শ্রীরূপে গ্রহণ করুন।

ইহা প্রবণ করিয়া শুস্ত ও নিশুস্ত স্থগ্রীবনামা দৃতকে প্রেরণ করেন

এবং দৃত শুস্ত ও নিশুস্তকে পতিতে বরণ করিতে দেবীকে অন্থরোধ করে।
দেবী বলিলেন,—আমার দহিত যুদ্ধে জয়ী হইতে না পারিলে আমি
তাহাকে পতিপদে বরণ করিতে পারিব না, ইহা আমার পূর্বে প্রতিজ্ঞা।
দৈত্যরাজ ইহা শ্রবণ করিয়া ধুমলোচনকে বলপূর্বেক দেবীকে আনয়ন
করিতে পাঠাইলেন, তথায় দেবী হুন্ধারে ধ্র্মলোচনকে বধ করিলেন,
ইহা ৬৪ অধ্যায়ে বর্ণিত। ৭ম অধ্যায়ে দৈত্যরাজ চণ্ড ও মৃণ্ডকে যুদ্ধার্থ
প্রেরণ করেন এবং দেবীয়ুদ্ধে তাহারা নিহত হয়। অইম অধ্যায়ে
দৈত্যরাজের প্রধান দৈল্য রক্তবীজের সহিত দেবীর য়ৢদ্ধ; এই য়ুদ্ধ
অতান্ত বৈচিত্রময়, পাঠক চণ্ডীর মধ্যে তাহা অবগত ইইবেন। নম
অধ্যায়ে নিশুন্ত ও ১০ম অধ্যায়ে শুন্ত বধ। ১১শ অধ্যায়ে ইন্দ্রাদি
দেবগণ কর্ত্বক দেবীর স্তুতি, ১২শ অধ্যায়ে ভগবতীর আশ্বাসবাক্য প্রদান
এবং ১০শ অধ্যায়ে রাজা স্থরথ ও সমাধি বৈশ্য দেবীর অর্চনা করিয়া
সামিধালাভ ও বরলাভ করেন, ইহা বণিত আছে।

রাজ। স্থরথ ও সমাধি বৈশ্য দেবীর আরাধনায় কতক্তা হইলেন ইহাই দেবীমাহাত্মা। এই দেবীমাহাত্ম্যের অনুশীলন করিলে তিবিধ তাপ চিরতরে অন্তহিত হয়, তাই এই দেবীমাহাত্ম্যের এত গৌরব। আমরা ইথামতি দেবীমাহাত্ম্যের কিঞ্ছিৎ আলোচনা করিলাম।

ষট্ সংবাদ-কথা

ব্যাসশিশ্ব জৈমিনি সমগ্র মহাভারত পাঠ করিয়া কতিপয় বিষয়ে সন্দিহান হন। সন্দেহভঞ্জনার্থ বেদব্যাসের নিকট যান, তাঁহার অবসর না হওয়ায় মার্কণ্ডেয়ের নিকটে গমন করিয়া বক্তব্যের অবতারণা করেন, মার্কণ্ডেয়ের বিললেন—তোমার সহিত এত কথা কহিতে আমার অবকাশ

নাই, অতএব বিদ্যাচনে যাও, চারিটী মৃনিপুত্র পিতৃশাপে পিকাখা, বিরাধ, অপুত্র ও অ্বমুথ নামে পক্ষিধানি প্রাপ্ত হইয়াছে এবং তপংপ্রভাবে প্র্যাত্তিও তাহাদের বিলুপ্ত হয় নাই, তাহারা মন্ত্যের ন্যায় কথা কহিতে সমর্থ, তাহাদিগকে জিজ্ঞাদা কর, তোমার প্রশ্নের উত্তর পাইবে।

ইহা শ্রবণ করিয়া জৈমিনি বিদ্যাচলে গমন করিলেন এবং ঐ পিক্ষ-চহুষ্টয়ের নিকটে নিজ বক্তব্য উত্থাপিত বলিলেন।

পশ্চিগণ পৃষ্ট বিষয়ের যথায়থ উত্তর করিলেন এবং প্রসঙ্গতঃ নিমন্ধণে স্ষ্টি-প্রকরণ করিলেন।

তেতালিশ লক্ষ তুই হাজার বংসরে চারিযুগ, চারিযুগে দেবভার একযুগ, এইরপ হাজার দৈবযুগই এক এক স্পষ্টর পরিমাণ কাল। অর্থাৎ প্রতি স্পষ্টতে এক হাজার বার সভা, ত্রেভা দ্বাপর ও কলিকাল হয়। প্রতি স্পষ্টতে ১৪জন মহু স্পষ্টির অধিপতি হন। এই সকল মহুর অধিকারকে এক এক মন্বন্তর কহে। ১ম মহু স্বায়ন্ত্র, ২য় স্বারোচিষ, ৩য় ঔত্তম, ৪র্থ ভামস, ৫ম বৈরত, ৬ৡ চাক্ষ্য, ৭ম বৈবন্ধত, ৮ম সাবর্ণি, ৯ম দক্ষসাবর্ণি, ১০ম ব্রহ্মসাবর্ণি, ১১শ ক্রেসাবর্ণি, ১১শ ভারতা।

সম্প্রতি সপ্তম মন্বন্তরের অষ্টাবিংশবৃগ অর্থাৎ সপ্তম বা বৈবন্ধতমন্বন্তরের অষ্টাবিংশ বৃগের কলিবৃগ, এই কলির শেষে তাহার অষ্টাবিংশ বৃগ শেষ হইবে। এইরূপ আরও ৪০ দৈব বৃগ গত হইলে অর্থাৎ ৪০ বার সত্য ত্রেতা দাপর ও কলি গত হইলে বৈবন্ধত মন্তর অধিকার বিচ্যুত হইবে। তারপরে অষ্টম মন্বন্ধর আগরস্ত হইবে, এই সময়েই সাবর্ণি-মন্তর অধিকার। সেই সাবর্ণি পৃক্জরে স্বর্থ রাজা ছিলেন, পরে দেবীর আরাধনায়

তাঁহারই অন্থগ্রহে পূর্য্যের ঔরদে সবর্ণার গর্ভে তিনি জন্মগ্রহণ করেন। বৈবস্বত মন্বন্ধর গত হইলে তিনিই অষ্টম মন্থ হইবেন, দেবীর নিকট এই বর পাইয়াছেন। দিতীয় মন্থ স্বারোচিষ, তাঁহার জ্যেষ্ঠপুত্র চৈত্র; এই চৈত্র-বংশে স্থরথের জন্ম, এই স্থরথ রাজ্ঞার প্রতি যে ভাবে দেবী রূপা করিয়াছিলেন, তাহার ইতিবৃত্তে এই গ্রন্থ পরিপূর্ণ। এই দেবীমাহাত্ম্য সর্বপ্রথম মুনি রাজা স্থরথ ও সমাধি-বৈশ্যকে বলেন, তৎপরে ইহা মার্কণ্ডেয় মুনি ভাগুরিকে কহিয়াছেন, তৎপরে পক্ষিগণ ভাহাই জৈমিনিকে কহিয়াছেন। এজন্ম (১) মেধা, (২) স্থরথ ও সমাধি, (৩) মার্কণ্ডেয়, (৪) ভাগুরি. (৫) পক্ষিচতুষ্ট্র, (৬) জৈমিনি। ইহাই ষট্দংবাদকথা। প্রত্যেক দেবীতত্ব-জ্ঞানেচ্ছু ব্যক্তির ইহা অবগত হওয়া উচিত, এজন্ম অতি সংক্ষেপ্ আমরা ইহার আলোচনা করিলাম।

দেবীচরিত-তত্ত্ব

এই দেবীমাহান্মে তিনটি চরিত আছে; প্রথম চরিতে মধুকৈটভবধ (১), দ্বিতীরচরিতে মহিষাস্থরবধ (২), তৃতীয়চরিতে শুস্ত ও নিশুস্তবধ (৩); এই তিনটি চরিতকে শাস্ত্রকারগণ তিন ব্যাহ্বতিরূপে ব্যাখ্যা করিয়াছেন, প্রথম চরিতে "ভূং" এই ব্যাহ্বতির ছন্দ গায়ত্রী, দেবতা মহাকালী, অগ্নি উত্তর্বরূপ। দ্বিতীয়ের ব্যাহ্বতি "ভূবং' ইহার ছন্দ উফিক্, দেবতা মহালন্দ্রী, বায়ু তত্ত্বরূপ। তৃতীয়ের ব্যাহ্বতি "স্বঃ" ইহার ছন্দ অফুটুপ্ দেবতা মহাদরস্বতী, সুর্য্য তত্ত্বরূপ হইয়াছে।

প্রথম চরিতে বিষ্ণু কর্ত্ব নিহত মধু ও কৈটভের মেদ দারা প্রলয়-মগ্ন মেদিনীমণ্ডল উদ্ধৃত হইয়াছিল, এজন্ত প্রথম চরিতের ঋষি ব্রহ্মা স্পষ্টকর্ত্তা, দেবতা মহাকালী।

[38]

দিতীয়ে দেবগণের তেজঃপুঞ্জের সমষ্টি দেবীরূপে মহিষাস্থরকে বধ করিয়া জগৎ পালন করিয়াছেন, এজন্ম ইহার ঋষি পালনকর্তা বিষ্ণু, দেবতা মহালক্ষী অন্নাদি দারা পালনকারিণী।

তৃতীয়ে দেবী কৌষিকীম্র্ডিতে আবিভূ তা, তৎশরীরসস্থৃতা শিবদৃতী শুস্ত ও নিশুপ্তকে সংহার করিয়াছেন, এক্ষ্ম ইহার ঋষি রুদ্র সংহারকর্তা, মহাসরস্বতী দেবতা জ্ঞানদাত্রী; জ্ঞানবলেই সংসার নাশ হয়, তাই/সংহারের ঋষি রুদ্র ও অধিষ্ঠাত্রী দেবতা সরস্বতী।

শ্লোক-সংখ্যা

					_		
চণ্ডীর	অপর	नाग	সপ্তশতী,	কারণ	ইহাতে	সাতশত	প্লোক
আছে।							
১ম অধ্যায়ে			٥•٥	৮ম্ ৰ	মধ্যায়ে		৬৩
২য় অধ্যায়ে			9 •	३म ७	यथा रय		8 2
৩য় অধ্যায়ে			88	১•ম	অধ্যায়ে		৩২
८र्थ व्य क्षारम			82	>>*I	অধ্যায়ে		44
৫ম অধ্যায়ে			255	25%	অধ্যায়ে		8 >
७ष्ठे व्यथारत्र			₹8	५०%	অধ্যায়ে		२ ৯'
৭ম অধ্যায়ে			२१				

মোট--- ৭০০ সাতশত

চণ্ডীপাঠফলম্

সংবংসর প্রদীপে-

মাহাত্মাং ভগবত্যান্ত পুরাণাদিষ্ কীর্ত্তিতম্। পঠেবা শুনুয়াদ্বাপি সর্ককামসমৃদ্ধয়ে॥

বারাহীতত্ত্ব—চণ্ডীপাঠ ফলং দেবি শৃণুষ গদতো মম। একার্ত্ত্যাদি-পাঠানাং প্রত্যাহং পঠতাং নৃণাম্॥ সঙ্কল্প পূজ্যাং সম্পূজ্য গুজাক্ষেষ্ মন্ন্ সকং। পশ্চাদ্ বিপ্রপানেন ফলমাপ্লোতি মানবং॥ উপসর্গোপ-শাস্ত্যথং তিরাবৃত্তং পঠেন্নরং। গ্রহদোযোপশাস্ত্যথং পঞ্চাবৃত্তং বরাননে॥ মহাভয়ে সম্বপন্নে সপ্তাবৃত্তম্দীরয়েৎ। নবাবৃত্ত্যা ভবেচ্ছান্তিব জিপেয়ফলং লভেৎ॥ রাজবশ্চায় ভূতিতা চ ক্ষপ্রবৃত্তম্দীরয়েং। অকাবৃত্ত্যা কাম্য-

সমংসরপ্রদীপে উক্ত আছে যে, মানবগণ কামনাসিদ্ধি ও মঙ্গললাভের নিমিত পুরাণাদিতে কীর্ত্তিত দেবীর মাহাত্ম্য পাঠ (অনধিকারিগণ শ্রবণ) করিবে। "বারাহীতয়ে" এইরপ কথিত হইয়াছে,—হে দেবি! আমি চণ্ডীপাঠের ফল বলিতেছি শ্রবণ কর। সঙ্করপূর্ব্বক ত্যাসাদি সহকারে পূজা করিয়া একবার মাত্র চণ্ডীপাঠ করিলে এবং বলিপ্রদান করিলে নিশ্চয়ই কামনা সিদ্ধি হইয়া থাকে। এইরপ উপদ্রব শাস্তির জত্য তিন বার পাঠ করিবে। হে বরাননে! গ্রহশাস্তির নিমিত্ত পঞ্চারত্ত্ব পাঠ করা কর্ত্তব্য। মহাভয় উপস্থিত হইলে সপ্তার্ত্ত্ব পাঠ করিবে। নবার্ত্ত পাঠে শাস্তি ও "বান্ধপ্রম্য" নামক যজ্ঞের ফল লাভ হয়। রাজাকে বশীভূত

সিম্বিবৈ রিনাশশ্চ জায়তে॥ মন্বারন্ত্যা রিপুর্ব শ্রন্তথা স্ত্রীবশ্রতা-মিয়াৎ। দৌখ্যং পঞ্চশাবুত্তা শ্রিষমাপ্রোতি মানবং॥ কলাবুত্যা পুত্রপৌত্রধনধান্যাগমং বিহ:। রাজভীতিবিনাশায় বৈর্দ্যোচ্চাটনায় চ ॥ कुर्वगार मक्षमभावुकः ज्याष्ट्रीमभाकः श्रिष्ठा। महाज्ञपवित्याकाम् विःभावुकः পঠেমর: ॥ পঞ্চবিংশাবর্তনাচ্চ ভবেদ্ বন্ধবিমোক্ষণম। সঙ্কটে সমত্ন-প্রাপ্তে তুশ্চিকিৎসাভয়ে সদা॥ জাভিধাংসে কুলোচ্ছেদে আয়ুযো ন'্ৰ আগতে। বৈরিবৃদ্ধৌ ব্যাধিবৃদ্ধৌ ধননাশে তথা ক্ষয়ে॥ তথৈব ত্রিবিধোৎ-পাতে তথা চৈবাতিপাতকে। কুর্যাদ যত্নাৎ শতাবৃত্তং ততঃ সম্পত্তত শুভম। বিপদস্তদ্য নশুস্তি ততে। যাতি পরাং গতিমু। ধিয়ো বৃদ্ধিং করিবার নিমিত্ত এবং বিভৃতিলাভের জন্য একাদশাবৃত্তি পাঠ করিবে। দ্বাদশাবৃত্তিতে কাম্যসিদ্ধি এবং শত্রুনাশ হয়। চতুর্দ্দশাবৃত্তিতে শত্রু এবং তুষা স্ত্রী বশীভূত হয়। পঞ্চদশাবৃত্তি পাঠে মহস্তুগণ মিত্রতা এবং সম্পদ্লাভ করিয়া থাকে। বোড়শাবৃত্তিতে পুত্র, পৌত্র, ধনধান্যাদির অভ্যুদয় হয়। রাজভয়বিনাশার্থ সপ্তদশাবৃত্তি, শত্রুর উচ্চাটনার্থ অষ্টাদশাবৃত্তি এবং মহাত্রণ অর্থাৎ চুষ্ট ব্রণাদির (কার্কাঙ্কল) শাস্তির নিমিত্ত বিংশাবৃত্তি পাঠ করিবে। পঞ্চবিংশাবৃত্তি পাঠে কারামৃত্তি হয়। সঙ্কট সময়ে, অসাধারোগ উৎপন্ন হইলে, জাতিধাংস বা কুলধাংসের উপক্রমে আয়ুদ্ধালের নাশ উপস্থিত হইলে, শত্রুবৃদ্ধি বা ব্যাধিবৃদ্ধি হইলে, সঞ্চিত ধনের নাশ সম্ভাবনায়, অবনতি সময়ে, আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিবিধ উৎপাত উপস্থিত হইলে, অথবা অতিপাতকাদি অমুষ্টিত হুইলে যত্নসহকারে যথাবিধি শতাবৃত্তি চণ্ডী পাঠ করিবে। তাহা হইলে পুর্ব্বোক্ত বিপদ্ দ্রীভূত হইয়া মন্দল লাভ হইবে। যে ব্যক্তি শতাবৃত্তি চতীপাঠ

[59]

শতার্ত্ত্যা রূপর্দ্বিশুণাপরা॥ মনসা চিস্তিতং দেবি সিধ্যেদটোতরা-চ্ছতাং। শতাখনেধযজ্ঞানাং ফলমাপ্নোতি স্বত্তত॥ সহস্রাবর্ত্তনা-লক্ষীরারণোতি স্বরং স্থিরা। প্রাপ্তো মনোরথান্ কামান্ নরো মোক্ষমবা-প্রুরাং॥ যথাখনেধং ক্রতুষু দেবানাঞ্চ যথা হরিঃ। শুবানামপি সর্ব্বেষাং তথা সপ্তশতীশুবঃ॥ অথবা বহুনোজেন কিমন্তেন বরাননে। চণ্ড্যাঃ শতীব্রুত্তপাঠাং সর্বাঃ সিধ্যম্ভি সিদ্ধঃ॥

করে, তাহার সমস্ত বিপদ্ নাশ, এবৃদ্ধি ও রূপবৃদ্ধি হয় এবং অন্তে সেই
ব্যক্তি পরম গতি লাভ করে। অষ্টোত্তর শতাবৃত্তি পাঠে মনোবাসনা
পরিপূর্ণ হয়। হে হ্রতে! সহস্রাবৃত্তি পাঠ করিলে শতাখনেধ বজের
ফল লাভ হয় এবং লক্ষ্মী স্বয়ং আসিয়া চিরকালের জন্ম তাহাকে আশ্রম
করেন এবং সেই ব্যক্তি যথেচ্ছ হ্রপভোগ করিয়া অস্তে মোক্ষপ্রাপ্ত হয়।
যেরূপ যজ্ঞসমূহের মধ্যে অশ্বমেধ শ্রেষ্ঠ, যেমন দেবগণের মধ্যে শ্রীহরি
শ্রেচ, তদ্রেপ স্তবসমূহের মধ্যে সপ্তশতী (চণ্ডী) স্তবই শ্রেষ্ঠ। হে
বরাননে! অধিক কি বলিব, শতাবৃত্তি চণ্ডী পাঠে সমস্ত সিদ্ধিই লাভ
হইয়া থাকে।

চণ্ডাপাঠ-প্রণালী *

আধারে স্থাপয়িত্বা তু পুস্তকং বাচয়েৎ ততঃ।
হস্তসংস্থাপনাৎ দেবি নিহস্তার্দ্ধকলং যতঃ॥
যাবন্ধ পূর্য্যতেইধ্যায়স্তাবন্ধ বিশ্বমেৎ পঠন্।
যদি প্রমাদাদধ্যায়ে বিরামে। ভবতি প্রিয়ে॥
পুনরধ্যায়মারভ্য পঠেৎ দর্ব্বং মৃহস্ততঃ।
অক্ষক্রমং পঠেদেবি শিরংকম্পাদিকং ভাজেং॥
ন মানসং পঠেৎ স্থোত্রং বাচিকস্ত প্রশশুতে।
হনেৎ প্রদীপিতে বহন্টো ভিলধান্তাদিতপুলান্।
ধর্ম-কামার্থসংসিক্রৈ মোক্ষার্থী পায়সং হনেৎ॥

গ্রন্থনায়মঃ

ন শ্বয়ং লিখিতং ন্তোত্রং নাব্রাহ্মণলিপিং পঠেৎ। ন চ শ্বয়ং কৃত্য স্তোত্রং তথাক্রেন চ ষৎকৃত্ম। যতঃ কলৌ প্রশংসন্তি ঋষিভিভাষিতং তু যং॥

^{*} পবিত্র ও একাগ্রচিত্তে পূর্ক্রম্থে বা উত্তরম্থে উপবিষ্ট হইয়া বিশুদ্ধ
উচ্চারণ পূর্বক অর্থবোধ সহকারে চণ্ডী পাঠ করিতে হয়। পাঠকালে
অন্তমনস্ক হইতে বা অন্ত কথা কহিতে নাই এবং অধ্যায় শেষ না হওয়া
পর্যান্ত বিশ্রাম করিতে নাই। দৈবাং তাহা ঘটিলে পুনরায় অধ্যায়ের
প্রথম হইতে পাঠ করিতে হয়। মাহাত্মাগ্রন্থ হত্তে রাখিয়া পাঠ করিতে
নাই। পাঠের পূর্ব্বে সহল্ল করিয়া দেবীর পূজা করিবে। অয়ং পাঠে
অসমর্থ হইলে রত ব্রাহ্মণ হারা পাঠ করাইবে।

লেখন-প্রকারঃ

মুজালিপি: স্বরলিপিলিপিলে খিনিসম্ভবা। গুণ্ডিকাঘ্ণসম্ভূতা লিপয়: পঞ্চধা স্মৃতা: ॥ এতাভিলিপিভির্ব্যাপ্তা ধরিত্রী শুভদা হর। শিল্লাদিনির্মিতং যচ্চ পাঠ্যং ধার্যঞ্চ সর্বদা॥

পাঠকনিয়মঃ

জিতেন্দ্রিয়ান্ সদাচারান্ কুলীনান্ সত্যবাদিন: ।
ব্যংপন্নাংশ্চণ্ডিকাপাঠরতান্ লজ্জাদয়াবত: ॥
এতাদৃগ্লক্ষণোপেতান্ ব্রাহ্মণান্ রুণুয়াৎ সদা ॥
সীতী শীত্রী শিরংকম্পী স্বয়ংলিথিতপাঠকঃ ॥
অনর্থজ্ঞোহল্পকণ্ঠশ্চ ষড়েতে পাঠকাধ্যা: ॥

চণ্ডী-পূজা বিধি।

জিতেন্দ্রির সাধক রতনিতাক্রির হইরা আচমন, শিথাবন্ধন, ভিলকধারণ, বিফুম্মরণ ও গন্ধাদির অর্চনা করিয়া শালগ্রাম চক্রে বা জলে
গন্ধাদি দ্বারা গণেশ, নারায়ণ, গুরু, আদিত্যাদি নবগ্রহ, ব্রাহ্মণ ও সুর্যোত্র
পূজা করিয়া অর্ঘ্য লইয়া "ওঁ সুর্যাভট্টারকায় নমঃ" মন্ত্রে সুর্যাকে অর্ঘ্য
দিবেন, তৎপরে যথাবিধি স্বন্তিবাচনপূর্বক সঙ্কল্ল করিবেন। যথা,—
বিফুরে । তৎসদত্ত অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথো অমুকগোত্রঃ
শ্রীঅমুকদেবশর্মা (পরার্থে—অমুকগোত্রশু শ্রীঅমুকশ্র) সর্বাপচ্ছান্তিপূর্বক-মনোহভীষ্টসিদ্ধিকামঃ (গ্রীচণ্ডিকাপ্রীতিকামঃ বা) শ্রীকৃষ্ণদৈশারনাভিধান-মহর্ষি-বেদব্যাস-শ-প্রোক্ত-জ্য়াখ্য-মার্কণ্ডেয়-পূরাণান্তর্গত-"ওঁসাবর্ণিঃ

^{*} যাঁহারা বেদবিভাগ করিয়াছিলেন, তাঁহাদিগকে বেদব্যাস বলে।
অন্তাদশ পুরাণাদির রচয়িতা বেদব্যাসের অপর নাম শ্রীকৃষ্ণ, তিনি দ্বীপে
জন্মগ্রহণ করেন বলিয়া তাঁহার অপর নাম "দ্বৈপায়ন"। শ্রীকৃষ্ণ অনেক;
তন্মধ্যে শ্রীকৃষ্ণদ্বৈপায়ন বলিলে, উক্ত ব্যক্তি ভিন্ন অন্ত কাহাকেও
বুঝায় না। অন্তাদশ পুরাণ, রামচরিত (রামায়ণ), বিষ্ণুধর্ম, শিবধর্ম,
সৌরধর্ম, মহাভারত ও ধর্মশাস্ত্র—ইহাদের নাম জয়। যথা ভবিশ্বে—
"অন্তাদশ পুরাণানি রামশ্র চরিতং তথা। বিষ্ণুধর্মাদিশাস্ত্রাণি শিবধর্মাশ্চ
ভারত ॥ কাষ্ণ্যক পঞ্চমো বেদে। যন্মহাভারতং স্বতম্। সৌরাশ্চ
ধর্মা রাজেন্দ্র নারদোক্তা মহীপতে। জ্বেতি নাম এতেষাং প্রবদন্তি
মনীষিণঃ ॥"

স্থা-তনম্ব-ইত্যাদি-সাবণির্ভবিতা মহরিত্যস্তং সক্তং * দেবীমাংাত্ম্যমহং পঠিয়ে" (পরার্থে—পঠিয়ামি)।

সকলানন্তর (ঘটে পূজা করিতে হইলে এই সময়ে তান্ত্রিক ঘট স্থাপন করিবে) তান্ত্রিক আচমন, সামান্তার্য্য, আসনশুদ্ধি, করগুদ্ধি, ভূতাপসারণ ভূতশুদ্ধি ও মতৃকান্তাসাদি করিয়া "হ্রীং"মন্ত্রে প্রাণায়ামত্রয় করত ঋষ্যাদিন্তাস, মাহাত্ম্যন্তাস, করন্তাস ও অঙ্গন্তাস করিবে। ঋষ্যাদিন্তাস যথা— "অস্ত সপ্তশতীন্তোত্রস্ত নারদ ঋষির্গায়ত্রীচ্ছন্দো দক্ষিণামূর্ত্তির্দেবতা হ্রীং বীজং স্বাহা শক্তির্মমেই সিদ্ধার্থে বিনিয়োগং।" মন্তকে—"ওঁ নারদায় ঋষরে নমং।" মৃথে—"ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমং"। স্থাদ্বয়ে—"ওঁ বাহা শক্তয়ে নমঃ।"

মাহাত্মান্তান ।—বন্ধরন্ধে — "মধুকৈটতবধমাহাত্মায় নমঃ"। সীমন্তে

— "মহিষাস্থরসৈত্তবধমাহাত্মায় নমঃ"। জমধ্যে— "মহিষাস্থরবধমাহাত্মায়
নমঃ"। নেত্রে— "শক্রাদিস্ততিমাহাত্মায় নমঃ"। মৃথে— "দেব্যা
দ্তসংবাদমাহাত্মায় নমঃ"। কর্ণে— "ধ্যলোচনবধমাহাত্মায় নমঃ"।
হলয়ে— "চণ্ডম্ভবধমাহাত্মায় নমঃ।" শাভিতে— "রক্তবীজবধমাহাত্মায়
নমঃ"। লিকে— "নিশুভবধমাহাত্মায় নমঃ।" গুহুে— "শুভবধমাহাত্মায়
নমঃ।" জাহুদ্বয়ে— "দেবস্তুতিমাহাত্মায় নমঃ।" গুল্ফে— "কলক্রণিতিমাহাত্মায় নমঃ। পাদে— "বর্লান্মাহাত্মায় নমঃ।"

করাশ্বতাস।—"যমোহো জ্ঞানিনোরপি অঙ্গুঞ্চাভাাং নমঃ।

 ^{*} তুইরপ, তিনরপ ইত্যাদি পাঠের সম্বন্ধে "সরুং" পদের স্থলে

 হি ক্রি: চতুঃ, পঞ্চরুত্ব: ইত্যাদি বলিতে হইবে।

নিদ্রাং ভগবতীং তর্জনীভ্যাং স্বাহা। জয়েতি দেবাশ্চ ম্দা মধামাভ্যাং বষট্। আজ্ঘান ভুজে সব্যে অনামিকাভ্যাং হং। হতে ভস্মিন্ মহাবীর্ষ্যে কনিষ্ঠাভ্যাং বৌষট্। নীতা দিবং রিপু-গণা অস্ত্রায় ফট্।" তৎপরে "যােসাহো জ্ঞানিনােরপি হাদয়ায় নমঃ" ইত্যাদি মন্ত্রে অঙ্গন্তাস করিবে। অথবা "হ্রাং অঙ্গুছাভ্যাং ন্মং হ্রীং তর্জনীভাাং স্বাহা ইত্যাদি।" এবং "হ্রাং" হৃদয়ায় নমঃ" ইত্যাদ্ধি মত্ত্রে করাঙ্গন্যাদ করিবে। পরে "হ্রীং" মন্ত্রে সাতবার ব্যাপকনাান করিয়া কৃষ্মৃত্রাযোগে সচন্দন রক্তপুপ লইয়া দেবীর ধ্যান করিবে। ধ্যান যথা।—ওঁ মধ্যে স্থাকি মণিমণ্ডপ-রত্নবেদী,-সিংহাসনোপরিগতাং পরিপীতবর্ণাম্। পীতাম্বরাং কনকমাল্যবিভৃষিতাঙ্গীং, দেবীং স্মরামি ধৃতমুদারবৈরিজিহ্বাম্॥ অথবা—"ওঁ বিহ্যদামসনপ্রভাং মৃগপতিস্কন-স্থিতাং ভীষণাং, কন্যাভিঃ করবাল-থেট-বিলসদ্বস্তাভিরাসেবিতাম্। হত্তৈশ্চক্রধরালি-থেট-বিশিখাংশ্চাপং গুণং তর্জ্জনীং, বিভ্রাণামনলাত্মিকাং শশিধরাং তুর্গাং ত্রিনেত্রাং ভজে॥" অথবা—ওঁ বন্ধুককুস্কুমাভাদাং পঞ্মুগুাধিবাদিনীম্। ক্ষুরচ্চক্রকলা-রত্ব-মুক্টাং মুগুমালিনীম্॥ তিনেতাং तुक्तवननाः शीरनात्रवघटेखनीम् । शूखककाक्रमानाक वृत्रकालग्रकः क्रमार । দ্বতীং সংশ্বরেলিত্যমূত্তরামায়-মানিতাম।"

এইরপে ধ্যান করিয়া নিজমন্তকে পূজা দিয়া মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করিবে। তংপরে পুনরায় পুসা লইয়া ধ্যান করিয়া সেই পূজা ঘটে বা পুস্তকে দিয়া আবাহন করিবে। (শালগ্রামে বা জলে পূজা করিলে আবাহন করিবে না।) আবাহন যথা—

उँ द्वीः, ठिएटक प्रति देशांगे हेशांगे हैं ; देश विष्ठे हेश विष्ठे ; देश

দল্লিধেহি ইহ সল্লিক্ধ্যস্ব; অত্তাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ; অথবা মৃশ উচ্চারণপূর্ব্বক "দক্ষিণামূর্ত্তিদেবতে ইহাগচ্ছাগচ্ছ" ইত্যাদি রূপে আবাহন করিবে, প্ররে কৃতাঞ্জলিপূর্ব্বক পাঠ করিবে। ওঁ দেবেশি ভক্তিস্থলভে পরিবার-সমন্বিতে। যাবত্বাং পূজ্যিয়ামি তাবত্বং স্বস্থিরা ভব॥"

তৎপরে গণেশাদি দেবতার পূজাপূর্ব্বক পুনরায় দেবীর ধ্যান করিয়া "ওঁ হ্রীং স্বাহা ওঁ এতৎ আসনং ওঁ শ্রীদক্ষিণামূর্ত্তরে নমঃ।" অথবা "হ্রীং ওঁ চণ্ডিকারে নমঃ" মন্ত্রে দেবীর যথাশক্তি উপচারে পূজা করিবে। অনন্তর "ওঁ আবরণদেবতাভ্যো নমঃ" মন্ত্রে আবরণ দেবতার যথোগচারে পূজা করিয়া—"ওঁ চণ্ডিকায়ে বিদ্যুহে ত্রিপুরায়ৈ ধীমহি তন্নো গৌরী
প্রচোদয়াৎ" এই গায়ত্রী অথবা মূলমন্ত্র ১০দশ বার জপ করিয়া পাঁচ বার
পুপাঞ্জলি দিবে।

তৎপরে আধারে পুন্তক স্থাপন করিয়া "ওঁ দেবীমাহাত্ম্যপুন্তকায় নমং" মস্ত্রে পঞ্চোপচারে পুন্তকের পূজা করিয়া নবার্গ মন্ত্র ১০৮

* বার জপ করিয়া জপ সমর্পণ পূর্বক উৎকীলন মন্ত্র জপ ও শাপোদ্ধার
মন্ত্র জপ করিয়া জপ সমর্পণ পূর্বক উৎকীলন মন্ত্র জপ ও শাপোদ্ধার
মন্ত্র জপ করিয়া "হ্রীং" মন্ত্রে প্রাণায়াম করিয়া পাঠ করিবে। চণ্ডীপাঠের
অগ্রে যথাক্রমে অর্গলন্তোত্র, কীলক, কবচ, রাত্রিস্কুল, ঝয়্যাদিন্যাস ও
"নাক্রায়ণং নমস্কৃত্য" ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া দেবীমাহাত্ম পাঠ করিবে।
একদিনে ২০ রূপ পাঠ করিলে দেবীস্কুল প্রভৃতি একবার পাঠ
করিলেই হইবে। প্রত্যেক অধ্যায়ের শেষে ঘণ্টাবাদন করিবে। সর্কশেষ
স্নোকটী ছইবার পাঠ করিয়া দেবীস্কুল পাঠ ও নবার্থমন্ত্রজপ পূর্বক
এক গণ্ডুষ জল লইয়া "ওঁ গুয়াভিগুয়্-গোপ্ত্রী ছং" ইত্যাদি মন্ত্রে

শতমাদৌ শতঞ্চান্তে জপেরায়ং নবাক্ষরম্ ।
 লক্ষং জপেরা, লময়ং সর্বকামার্থসিদ্ধয়ে ॥

দেবীর বামহন্তের উদ্দেশে জলগণ্ডুয় ত্যাগ করিবে। জনস্তর সমর্থ হইলে দেবীর রহক্ষত্রয় পড়িয়া "যদক্ষরং" ইত্যাদি মস্ত্রে প্রার্থনা, তৎপরে "হ্রীং" মস্ত্রে প্রাণায়াম করিয়া আরতি ও প্রণাম করিবে। তৎপরে দক্ষিণাদান, অচ্ছিদ্রাবধারণ, বৈগুণাসমাধান এবং ঘট স্থাপন করিয়া থাকিলে "ওঁ চণ্ডিকে দেবি ক্ষমস্ব" ইত্যাদি মস্ত্রে ঘট বিস্ক্রিন করিবে।

তৎপরে সংহারমুদ্রা দারা ঘট হইতে একটি পুষ্প লইয়া আ্র্রাণ করিতে করিতে দেবীকে মনোমধ্যে স্থাপ্য মনে করিয়া হস্ত প্রকালন পূর্বক ঈশানকোণে ভূমিতে ত্রিকোণ মণ্ডল অন্ধন করিয়া "ওঁ শোষিকায়ে নমঃ" মন্ত্রে তত্নপরি কিঞিৎ নির্মাল্য রাখিবে।

নবার্ণ-মন্ত্রঃ

यथा—७ थें हों कों इलों हों की। नमः। प्यथा— थें हों कों निम्छारेव विष्ठ।

উৎকীলনমন্তঃ

ওঁ প্রী ক্লী হ্রী চণ্ডিকে উৎকীলনং কুরু কুরু স্বাহা।

শাপোদ্ধারঃ

ওঁ হ্রী ক্লী জী জী চণ্ডিকে দেবি শাপান্থগ্রহং কুরু কুরু স্বাহা।--এই মন্ত্র একবার পাঠ করিবে।

অৰ্গলস্তোত্ৰম্

ওঁ নসশ্চণ্ডিকায়ৈ

জয় স্বং দেবি চামুণ্ডে জয় ভূতাপসারিণি।
জয় সর্ব্বগতে দেবি কালরাত্রি নমোহস্ত তে॥ ১
জয়ন্তী মঙ্গলা কালী ভদ্রকালী কপালিনী।
তুর্গা শিবা ক্ষমা ধাত্রী স্বাহা স্বধা নমোহস্ত তে॥ ২

অকুবাদ।—হে দেবি চামুণ্ডে! তোমার জয় হউক, হে দেবি! তুমি ভূতাপসারিণী অর্থাৎ সর্বভূতজননী; তুমি সর্বভূতে অবস্থিত বলিয়া সর্বগতা, তুমি প্রলয়কালে ভূতসংহারিণী, অতএব হে কালরাত্রি! তোমায় নমস্কার করি॥ ১॥ হে দেবি! তুমি সর্বেৎকৃষ্টা বলিয়া জয়ন্তী, ভক্তগণের জন্মমরণাদিরপ 'মঙ্গ' গ্রহণ কর বলিয়া, তুমি মঙ্গলা অর্থাৎ মোক্ষদায়নী; সংহারকালে সর্বুসংহারিণী বলিয়া তুমি কালী; উক্তগণের ভদ্র (মঙ্গল) দায়িনী বলিয়া তুমি ভদ্রকালী। প্রত্যেক জগৎপ্রপঞ্চ (অথবা ব্রহ্মাদির কপাল) হল্তে ধারণ করিয়া নৃত্য কর বলিয়া তুমি কপালিনী। ভক্তগণ বহুকষ্টে তোমায় লাভ করেন বলিয়া তুঃথপ্রাপ্যা; অতএব তুমিই তুর্গা। হে দেবি! সর্বেঞ্জীবের অপরাধ ক্ষমা কর বলিয়া তুমিই ক্ষমা; তুমিই শ্বাহা (দেবপোষিণী); তুমিই স্বধা

মধুকৈটভবিধ্বংদি-বিধাতৃবরদে নমঃ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ৩
মহিষাস্থর-নির্ণাশ-বিধাত্তি বরদে নমঃ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ৪
ধূমনেত্রববে দেবি ধর্মকামার্থদায়িনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ৫
রক্তবীজবধে দেবি চণ্ড-মুগু বিনাশিনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ৩
নিশুস্তশু-নির্ণাশি ত্রৈলোক্যশুভদে নমঃ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ৭

(পিতৃপোষিণী); হে দেবি! তোমায় নমন্ধার করিতেছি॥২॥ হে মধুকৈটভনাশিনি! মধুকৈটভ-নাশের জন্ম ব্রদ্ধা তোমায় স্থব করিলে তুমি তাঁহাকে বর প্রদান করিয়া তাঁহার যেরপ অভীপ্ট প্রণ করিয়াছিলে, হে বিধাতৃবরদে! সেইরপ আমার নমন্ধারে প্রসন্না হইয়া আমায় রূপ (পরমাত্মবস্তু), জয় (বেদজ্ঞান বা তত্ত্ত্তানজন্ম যশ প্রদান কর এবং কামক্রোধাদি শক্রনাশ কর॥৩॥ হে মহিষাস্থরনাশিনি! হে বিধাত্রি! হে বরদে! আমার নমস্কারে প্রসন্না হইয়া আমায় রূপ, জয় ও ষশ প্রদান কর এবং শক্রনাশ কর॥৪॥ হে ধ্রলোচননাশিনি! হে ধর্মকামার্থদায়িনি! আমায় রূপ, জয় ও ষশ প্রদান কর এবং শক্রনাশ কর॥৫॥ হে চণ্ডমুগুবিনাশিনি!

বন্দিতাজ্যি যুগে দেবি সর্ব্বসোভাগ্যদায়িনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দিযো জহি॥ ৮
অচিন্ত্য-রূপ-চরিতে সর্ব-শত্রু-বিনাশিনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দিযো জহি॥ ৯
নতেভ্যঃ সর্বাদা ভক্ত্যা চাপর্ণে ছরিতাপহে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দিযো জহি॥ ১০
স্তবন্দ্যো ভক্তিপূর্বাং ত্বাং চণ্ডিকে ব্যাধিনাশিনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দিযো জহি॥ ১১
চণ্ডিকে সততং যুদ্ধে জয়ন্তি পাপনাশিনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দিযো জহি॥ ১১

হে বক্তবীজঘাতিনি! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শক্রনাশ কর॥ ৬॥ হে নিশুন্ত শুন্ত-নাশিনি! হে ত্রৈলোক্যের মদলদায়িনি! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শক্রনাশ কর॥ ৭॥ হে দেবি! বেদাদি দেবগণ তোমার চরণমূগল মতত বন্দনা করিয়া থাকেন; তুমি দকলের সৌভাগ্যদায়িনী; অতএব আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শক্রনাশ কর॥ ৮॥ হে দেবি! তোমার রূপ ও চরিত্র অচিন্তা, হে সর্ববশক্রবিনাশিনি! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শক্রনাশ কর॥ ৯॥ হে অপর্বে! হে বিদ্ববিধ্বংসিনি! যাহারা ভক্তিসহকারে সতত তোমায় নমস্কার করে, তুমি তাহাদিগকে রূপ, জয় ও যশ প্রদান কর এবং শক্রনাশ কর ॥ ১০ ॥ হে চণ্ডিকে! হে ব্যাধিনাশিনি! যাহারা

বিধেহি দেবি কল্যাণং বিধেহি বিপুলাং শ্রিয়ম্।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ১৩
বিধেহি দ্বিষতাং নাশং বিধেহি বলমুচ্চকৈঃ।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ১৪
সুরাসুর-শিরোরজ্ব-নিয়্ষ্ট-চরণামুজে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ১৫
বিভাবন্তং যশস্বন্তং লক্ষ্মীবন্তঞ্চ মাং কুরু।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহ দ্বিষো জহি॥ ১৬
দেবি প্রচণ্ড-দোর্দণ্ড-দৈত্যদর্প-নিসূদিনি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ১৭

ভক্তিপূর্বক তোমার ন্তব করে, তুমি তাহাদিগকে রূপ, জয় ও য়শ প্রদান কর এবং শক্রনাশ কর ॥ ১১ ॥ হে চণ্ডি! তুমি য়ুদ্ধে সভত জয়শালিনী, হে পাপনাশিনি! তুমি রূপ, জয় ও য়শ প্রদান কর এবং শক্রনাশ কর ॥ ১২ ॥ হে দেবি! প্রণত জনুগণের কল্যাণ সম্পাদন কর, বিপুল ঐর্ব্য প্রদান কর, রূপ, জয় ও য়শ প্রদান কর এবং শক্রনাশ কর ॥ ১০ ॥ হে দেবি! আমার কামক্রোধাদি শক্র বিনাশ কর, আমায় বিপুলবলশালী কর, আমায় রূপ, জয় ও য়শ প্রদান কর এবং শক্রনাশ কর ॥ ১৪ ॥ হে দেবি! স্বরাস্থরের শিরোরত্বে ভোমার চরণারবিন্দ ভূষিত হইয়ছে; আমায় রূপ, জয় ও য়শ প্রদান কর এবং শক্রনাশ কর ॥ ১৫ ॥ হে দেবি! আমায় বিভাবান, য়শস্বী ও এইমান্

প্রচণ্ড-দৈত্যদর্পন্নে চণ্ডিকে প্রণতায় মে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ১৮
চতুর্ভু জে চতুর্বক্ত্র-সংস্ততে পরমেশ্বরি।
রূপং দেহি জয়ং দেহি-যশো দেহি দ্বিষো জহি॥ ১৯
কৃষ্ণেন সংস্ততে দেবি শশ্বদ্ধক্ত্যা সদান্বিকে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ২০
হিমাচল-স্কৃতা-নাথ-সংস্ততে পরমেশ্বরি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ২১
ইন্দ্রাণীপতি-সদ্ভাব-পৃজিতে পরমেশ্বরি।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ২২

কর, রূপ, ও যশ প্রদান কর এবং শক্রনাশ কর॥ ১৬॥ হে দেবি! তুমি স্বীয় প্রচণ্ড বাহদণ্ডে দৈত্যগণের দর্প নাশ করিয়। থাক; অতএব হে দৈত্যদর্পবিনাশিনি! আমায় রূপ, জয় ও য়শ প্রদান কর এবং শক্রনাশ কর॥ ১৭॥ হে প্রচণ্ড; দৈতাদর্পঘাতিনি! আমি প্রণত, আমায় রূপ, জয় ও য়শ প্রদান কর এবং শক্রনাশ কর॥ ১৮॥ হে চতুর্ভু জে! হে বন্ধবন্দ্যে! হে পরমেশ্বরি! আমায় রূপ, জয় ও য়শ প্রদান কর এবং শক্রনাশ কর॥ ১৯॥ হে অম্বিকে! প্রীকৃষ্ণ ভক্তিসহকারে সর্বাদা তোমার স্তব করিয়া থাকেন, হে জ্ফবন্দ্যে! আমায় রূপ, জয় ও য়শ প্রদান কর এবং শক্রনাশ কর॥ ১৯॥ হে পরমেশ্বরি! অয়য় রূপ, জয় ও য়শ প্রদান কর এবং শক্রনাশ কর॥ ২০॥ হে পরমেশ্বরি! অয়য় উমাকান্ত তোমার স্তব করিয়া থাকেন, অতএব হে শিববন্দ্যে! আমায় রূপ, জয় ও য়শ প্রদান

দেবি ভক্তজনোদ্দাম-দত্তানন্দোদয়েংখিকে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ২০
ভার্য্যাং মনোরমাং দেহি মনোর্ত্ত্যুকুসারিণীম্।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ২৪
তারিণি হুর্গ-সংসার-সাগরস্ঠাচলোদ্ভবে।
রূপং দেহি জয়ং দেহি যশো দেহি দ্বিষো জহি॥ ২৫
ইদং স্তোত্রং পঠিয়। তু মহাস্তোত্রং পঠেয়রঃ।
সপ্তশতীং সমারাধ্য বরমাগোতি হুর্লভম্॥ ওঁ॥ ২৬

॥ *।। ইত্যর্গলস্তোত্রম্।। *।।

কর এবং শক্রনাশ ত্বর ॥ ২১ ॥ হে পরমেখরি ! শচীপতি ইন্দ্র ভক্তিসহকারে (সর্বাদা) তোমার স্ততি করিয়া থাকেন; অতএব হে ইন্দ্রারাধ্যে ! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শক্রনাশ কর ॥ ২২ ॥ হে দেবি ! তুমি ভক্তগণকে অবিরত আনন্দধারা প্রদান করিয়া থাক; হে অন্ধিকে! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শক্রনাশ কর ॥ ॥ ২০॥ হে দেবি ! আমার স্বীয় চিত্তাম্বর্ত্তিনী মনোরমা ভার্যা প্রদান কর এবং রূপ, জয় ও যশ প্রদান কর, শক্রনাশ কর ॥ ২৪ ॥ হে তুর্গমসংসার-সাগর পারকারিণি! হে গিরিস্থতে ! আমায় রূপ, জয় ও যশ প্রদান কর এবং শক্রনাশ কর ॥ ২৫ ॥ মহুন্তু এই ত্বর পাঠ করিয়া সপ্তশতীন্তব পাঠপূর্ব্বক দেবীর পূজা করিলে তুর্লভ বর প্রাপ্ত হয় ॥ ২৬

॥ * ॥ অর্গলামুবাদ সমাপ্ত ॥ * ॥

অথ কীলকস্তবঃ

মার্কণ্ডেয় উবাচ

ওঁ বিশুদ্ধজ্ঞানদেহায় ত্রিখেদী-দিব্যচক্ষুষে।
শ্রেয়ঃপ্রাপ্তি-নিমিত্তায় নমঃ সোমার্দ্ধধারিনে॥ ১
সর্বমেতদ্ বিজানীয়ান্মন্ত্রাণামপি কীলকম্।
সোহপি ক্ষেমবাপ্নোতি সততং জপ্যতৎপরঃ॥ ২
বিধ্যস্ত্যুচ্চাটনাদীনি কর্মাণি সকলাত্যপি।
এতেন স্তবতাং দেবীং স্তোত্রেন্দেন ভক্তিতঃ॥ ৩
ন মন্ত্রো নৌষধং তম্ম ন কিঞ্চিদিপি বিঘতে।
বিনা জপ্যেন সিধ্যেত্রু সর্বমুচ্চাটনাদিকম্॥ ৪

অনুবাদ।— (শিশুগণের প্রশ্লে) মহর্ষি মার্কণ্ডেয় বলিলেন—
বিশুদ্ধজান বাঁহার মূর্জি-শ্বরূপ, বেদত্রয় চন্দুঃশ্বরূপ, আমি মঙ্গলের জন্তু
দেই চন্দ্রশেধরকে প্রণাম করি॥ ১॥ এই মন্ত্রগুলি সপ্তশতী মন্ত্রসমূহের
কীলক (প্রতিবন্ধক) শ্বরূপ; যিনি ইহা সতত জপ করেন, তিনি মঙ্গল লাভ করেন॥ ২॥ জপ না করিলেও কেবলমাত্র এই সপ্তশতীন্তোত্র পাঠ দারা যে ব্যক্তি দেবীর শুব করিবে, তাহার উচ্চাটনাদি সমশ্ত কর্পেই সিদ্ধি লাভ হইবে, এ বিষয়ে সিদ্ধিলাভের উপযোগী জন্ত কোন মন্ত্র সমগ্রাণ্যপি সেৎস্থান্তি লোকে শঙ্কামিমাং হরঃ।
কুত্বা নিমন্ত্রয়ামাস সর্ববেমবিদিং শুভম্ ॥
স্থোত্রং বৈ চণ্ডিকায়াস্ত তচ্চ গুহুং চকার সঃ॥ ৫
স প্রাপ্রোতি স্থপুণ্যেন তাং যথাবিদ্ধমন্ত্রিণাম্।
সোহপি কেমমবাপ্রোতি সর্ববেমব ন সংশয়ঃ॥ ৬
কুফায়াং বা চতুর্দ্দশ্যামন্টম্যাং বা সমাহিতঃ।
দদাতি প্রতিগৃহ্লাতি নান্যথৈষা প্রসাদতি ॥ ৭
ইত্থংরূপেণ কীলেন মহাদেবেন কীলিতম্।
যো নিক্ষীলাং বিধায়েনাং চণ্ডীং জপতি নিত্যশঃ।
স সিদ্ধঃ সগণঃ সোহথ গদ্ধবেধা জায়তে গ্রুবম্॥ ৮

উষধ বা যোগাদি অন্তর্চান নাই; (স্থতরাং অনায়াসসাধ্য এই উপায়ে জগতে তৃজ্জন ব্যক্তি দারা অনিষ্ট হইতে পারে) এই আশক্ষায় মহেশ্বর সমগ্র সপ্তশতী শুবকে এই কীলক দারা গোপনীয় করিয়া রাধিয়াছিলেন ॥ ৩—৫ ॥ যে বৃ্দ্তি কৃষ্ণপক্ষের অন্তমীতে বা চৃতৃদিশীতে অনতাচিত্ত হইয়া যথাবিধি ইহা পাঠ করে বা শ্রবণ করে, তাহার প্রতিদেবী প্রসন্না হইয়া থাকেন এবং তাহার সর্ব্ববিধ মঙ্গল লাভ হয়। অক্ত কোন প্রকারেই দেবী প্রসন্না হন না॥ ৬।৭ ॥ এইরপে মহাদেব দারা কীলিত এই সপ্তশতী শুবকে যে ব্যক্তি (কীলকগুব পাঠদারা) নিদ্ধীলক করিয়া প্রভাহ পাঠ করে, তাহার সিদ্ধিলাভ হয় এবং সেই ব্যক্তি গদ্ধর্ব শ্রহণ হইয়া দেবীগণমধ্যে পরিগণিত হয়। তাহার সমস্ত বিষয়ে

ন চৈবাপাটবং তস্ম ভয়ং কাপি ন জায়তে।

নাপ্যুত্যুবশং যাতি মৃতে চ মোক্ষমাপ্নুয়াৎ॥ ৯ জ্ঞাত্বা প্রারভ্য কুর্ব্বীত মুকুর্ব্বাণো বিনশ্যতি। ততো জ্ঞাত্বৈব সম্পূর্ণমিদং প্রারভ্যতে বুধিঃ॥ ১০ সোভাগ্যাদি চ যৎকিঞ্চিদু শ্যতে ললনাজনে। তং দৰ্ব্বং তৎপ্ৰদাদেন তেন জপ্যমিদং দদা॥ ১১ শনৈস্ত জপ্যমানেহিশ্মন্ স্তোত্তে সম্পত্তিরুচ্চকৈঃ। ভবতেবে সমগ্রাপি ততঃ প্রারভ্যমেব তৎ ॥ ১২ ঐশ্বর্যাং তৎপ্রসাদেন সোভাগ্যারোগ্যমেব চ। শক্রহানিঃ পরো মোক্ষঃ স্তুয়তে সা ন কিং জনৈঃ॥১৩ নিপুণতা জন্মে, কোনও থস্ত হইতে ভয় হয় না, তাহার অপমৃত্যু ঘটে না এবং মরণান্তে মোক্ষ লাভ হইয়া থাকে ॥ ৮। । এই কীলক স্তব জ্ঞাত হইয়া পাঠ ও পরে সপ্তশতী ত্তব (চণ্ডী) পাঠ করিবে, অন্তথা সেই ব্যক্তি বিনষ্ট হইবে; **অত**এব পণ্ডিতগণ ইহা (কীলক) সম্পূর্ণরূপে জ্ঞাত ইইয়াই চণ্ডী পাঠ করিয়া থাকেন ॥ ১০ ॥ স্ত্রীলোকগণের মধ্যে সোভাগ্যাদি যাহা কিছু (গুণ) দেখা যায়, তং সমন্তই দেবীর প্রসাদে मा ड रहेग्रा थारक ; व्याञ्चय वार्र कीनक मर्खना भार्ठ कत्रा कर्ख्या ॥ ১১ ॥ এই কীলক স্থম্পষ্টভাবে পাঠ করিলে সম্পূর্ণরূপে মহাসম্পদ্ লাভ হয়, ষতএব ইহা প্রথমে পাঠ করিবে। ১২। (বেহেতু) দেবীর প্রসাদে ঐখর্যা, সৌভাগ্য ও আরোগ্যলাভ এবং শত্রুক্ষয় ও নির্ব্বাণ মৃক্তিলাভ চণ্ডিকাং হৃদয়েনাপি যঃ স্মারেৎ সততং নরঃ।
হৃত্যং কামমবাপ্নোতি হৃদি দেবী সদা বসেৎ ॥ ১৪
অগ্রতোহমুং মহাদেব-কৃতং কীলকবারণম্।
নিক্ষীলঞ্চ তথা কৃত্বা পঠিতব্যং সমাহিতৈঃ॥ ১৫
॥ ॥ ॥ ॥ ॥ ॥ । ইতি কীলকস্তবঃ॥ ॥ ॥

হইয়া থাকে, (অত এব) মন্থ্যগণ সেই দেবীকে কেন্না ন্তব করিবে ॥১৩ যে মন্থ্য দেবী চণ্ডিকাকে হলয়ে স্মরণ করে, সম্পূর্ণরূপে তাহার কামনা সিদ্ধ হয় এবং দেবী সর্বাদা তাঁহার হলয়ে বাস করেন ॥১৪॥ কীলকের (ছাররোধক অর্গলের) বারণ (উদ্ঘাটন) স্বরূপ মহাদেবকৃত এই কীলক অথ্যে পাঠপূর্বক সপ্তশতী ন্তবকে নিদ্ধীল (উন্মৃক্ত) করিয়া একমনে পাঠ করিবে॥১৫

॥ * ॥ ইতি কীলকগুবানুবাদ ॥ * ॥

অথ কবচম্

মার্কণ্ডেয় উবাচ

ওঁ যদ গুছাং পরমং লোকে সর্ব্যরক্ষাকরং নৃণাম্। যন্ন কস্তাচিদাখ্যাতং তন্মে ক্রহি পিতামহ॥ ১ ব্রক্ষোবাচ

অস্তি গুহুতমং বিপ্র সর্ব্বভূতোপকারকম্।
দেব্যাস্ত কবচং পুণাং তচ্ছৃণুষ মহামুনে ॥ ২
প্রথমং শৈলপুত্রীতি দ্বিতীয়ং ব্রহ্মচারিণী।
তৃতীয়ং চণ্ডঘণ্টেতি কুস্নাণ্ডেতি চতুর্থকম্॥ ৩
পঞ্চমং স্কন্দমাতেতি ষষ্ঠং কাত্যায়নী তথা।
সপ্তমং কালরাত্রীতি মহাগোরীতি চাই্টমম্॥ ৪

অনুবাদ।—মংর্ষি মার্কণ্ডেয় ব্রহ্মীকে জিজ্ঞাসা করিলেন,—হে ব্রহ্মন্! জগতে ধাহা অতি গোপনীয় ও মানবের ত্বংধনিবারক এবং ধাহা কাহারও কর্তৃক অভিহিত হয় নাই, তাহা আমাকে উপদেশ কয়ন॥ ১ ব্রহ্মা মার্কণ্ডেয়ের আগ্রহাতিশয়ে আনন্দিত হইয়া তাঁহাকে বলিলেন, হে মহাম্নে! মানবগণের ত্বংধনিবারক পুণ্যপ্রদ দেবীকবচ জগতে অতি গোপনীয়; অধুনা আমি তাহা কীর্ত্তন করিতেছি, ত্র্বণ কর॥ ২॥ মহামায়া জগতে নানাবিধ মৃর্ত্তিতে নববিধ নামে পুজিত হইয়া

নবমং সিদ্ধিদাত্রীতি নবহুর্গাঃ প্রকীর্ত্তিতাঃ।
উক্তান্যেতানি নামানি ব্রহ্মণৈব মহাত্মনা॥ ৫
অগ্নিনা দহুমানাস্ত শক্রমধ্যগতা রণে।
বিষমে হুর্গমে চৈব ভয়ার্ত্তাঃ শরণং গতাঃ॥ ৬
ন তেষাং জায়তে কিঞ্চিদশুভং রণসঙ্কটে।
আপদং ন চ পশ্যন্তি শোকহুঃখভয়ঙ্করীম্।
যৈস্ত ভক্ত্যা স্মৃতা নিত্যং তেষামৃদ্ধিঃ প্রজায়তে॥ ৭
প্রেতসংস্থা চ চামুণ্ডা বারাহী মহিষাসনা।
ঐক্রী গজসমারুঢ়া বৈষ্ণবী গরুড়াসনা॥ ৮

থাকেন; ব্রহ্মা প্রথমেই মৃত্তিদমূহের নাম কীর্ত্তন করিতেছেন;—]
মহাত্মা ব্রহ্মা বেদে দেবীর্বে নামসমূহ কীর্ত্তন করিয়াছিলেন, তাহা
এই—১ম "শৈলপুত্রী"; ২য় "ব্রহ্মচারিণী"; ৩য় "চক্রঘণ্টা"; ৪র্থ
"কুত্মাণ্ডা"; ৫ম "স্কলমাতা" ৬৯ "কাত্যায়নী"; ৭ম "কালরাত্রী";
৮ম "মহাগোরী"; ৯ম "দিদ্বিদাত্রী"; এই নবনামেই জগদ্বাত্রী হুর্গাণ
বেদাদিশাল্রে অভিহিত হইয়াছেন॥৩—৫॥ যাহারা অগ্নিদম্ব ও রণে
শক্রপীড়িত হইয়া দেবীর শরণাপন্ন হয়, আর যাহারা বিষম সহুটে ভয়পীড়িত হইয়া দেবীর শরণাপন্ন হয়, আহাদের মুদ্ধে বা সহুটে কিছুমাত্র
অভভ উপস্থিত হয় না এবং তাহাদের হুংখ-শোক্ষড়িত বিপদ্পত
ঘটে না, যাহারা ভক্তিপুর্ব্বক দেবীর শরণ করে, তাহাদের ঐশ্বর্যাদি বৃদ্ধি
পাপ্ত হয়॥৬।৭॥ প্রেত্বাহনা চাম্প্রা, মহিষ্বাহনা বারাহী, গলার্ক্রা

নারসিংহী মহাবীর্য্যা শিবদূতী মহাবলা । মাহেশ্বরী ব্রষর্জা কোমারী শিখিবাহনা॥ ৯ ব্রান্দী হংস-সমার্কা সর্ব্বাভরণভূষিতা। লক্ষীঃ পদ্মাদনা দেবী পদাহস্তা হরিপ্রিয়া॥ ১০ শ্বেতরূপধরা দেবী ঈশ্বরী ব্রষবাহনা। ইত্যেতা মাতরঃ সর্ববাঃ সর্ব্বযোগ-সমন্বিতাঃ॥ ১১ নানাভরণ-শোভাচ্যা নানারত্বোপশোভিতাঃ। শ্রেষ্ঠেশ্চ মৌক্তিকৈঃ সর্বা দিব্যহার প্রলম্বিভিঃ॥ ১২ इल्मेनीरेलर्यशनीरेलः श्रेपातारेशः यूर्गाङ्रोतः । দৃশ্যন্তে রথমারুঢ়া দেব্যঃ ক্রোধসমাকুলাঃ॥ ১৩ শঙ্খং চক্ৰং গদাং শক্তিং হলঞ্চ মুসলায়ুধম্ খেটকং তোমরকৈব পরশুং পাশ্যেব চ॥ ১ असी, गक्र एवारना देवकवी, भरावीधा, नातनिश्री, मक्तिगानिनी শিবদূতী, বুষারুঢ়া মাহেশ্বরী, ময়ুরবাহনু। কৌমারী, হংসারুঢ়া সর্বা ভরণ-ভূষিতা ব্রান্ধী. পদাহন্তা পদ্মাসনা হরিপ্রিয়া, খেতবর্ণা বুষবাহনা ঈশ্বরী, मर्क्कर्मञ्चित्रिंग। এই মাতৃগণ বিবিধভূষণে নানাবিধ রত্নে দিব্যহার-গ্রথিত সর্বশ্রেষ্ঠ মৃক্তাফলকে স্থশোভন পদারাগ, মহানীল ও ইন্দ্রনীলে স্থােভিত হইয়া রথারতা হইয়াছেন: তাঁহাদের বদনমণ্ডলে ক্রোধ পরি-লক্ষিত হইতেছে ॥৮—১৩॥ তাঁহারা দৈত্যগণের নাশের জ্বন্স ও ভক্তগণের অভয়ের জন্য এবং দৈতাপীড়িত দেবগণের মঙ্গলের নিমিত্ত শঙ্খ, চক্র, কুন্তায়ুধক খড় গঞ্চ শাঙ্গ য়ুধমনুত্তমন্।
দৈত্যানাং দেহনাশায় ভক্তানামভয়ায় চ।
ধারয়ন্ত্যায়ুধানীখং দেবানাঞ্চ হিতায় বৈ ॥ ১৫
নমস্তেইস্ত মহারোদ্রে মহাঘোরপরাক্রমে।
মহাবলে মহোৎসাহে মহাভয়-বিনাশিনি।
ত্রাহি মাং দেবী ছুল্পেক্ষ্যে শক্রণাং ভয়বর্দ্ধিনি॥ ১৬
প্রাচ্যাং রক্ষতু মামৈন্দ্রী আগ্রেয্যামগ্রিদেবতা।
দক্ষিণে চৈব বারাহী নৈখা ত্যাং খড়গধারিণী॥ ১৭
প্রতীচ্যাং বারুণী রক্ষেদ্ বায়ব্যাং বায়ুদেবতা।
উদীচ্যাং দিশি কৌবেরী ঐশান্যাং শূলধারিণী॥ ১৮
উর্দ্ধে ব্রাক্ষা চ মাং রক্ষেদধস্থাদ্ বৈষ্ণবী তথা।
এবং দশ দিশো রক্ষেচ্যমুণ্ডা শববাহনা॥ ১৯

গদা, শক্তি, হল, মুসল, থেটক, তোমর, পরশু, পাশ, কুন্ত, খড়া ও সর্ব্বোৎকৃষ্ট ধন্তঃ ধারণ করিয়াছেন ॥ ১৪ ॥ ১৫ ॥ হে মহারুদ্রশক্তির পিণি! মহাপরাক্রমশালিনি! মহাসত্ত্বয়ে! দেবি! তুমি মহাবলধারিণী, তোমার রূপ স্থান্দর্শ; তুমি শক্তগণের ভর বর্দ্ধন ও (ভক্তগণের) মহাভর দ্র করিয়া থাক; (অভএব) তোমাকে নমস্কার করি ॥ ১৬ ॥ দেবী এন্দ্রী আমার পূর্ব্বদিকে, অগ্নিদেবতা অগ্নিকোণে, বারাহী দক্ষিণে, খড়াধারিণী নৈশ্বতিকোণে, বারুণী পশ্চিমে বায়ুদেবতা বায়ুকোণে, কৌবেরী উত্তরে, শ্লধারিণী ঈশানে, ব্রাক্ষী উদ্ধানেশ, বৈষ্ণবী অধোদেশে, এইরপে

জয়া মামগ্রতঃ পাতৃ বিজয়া পাতৃ পৃষ্ঠতঃ। অজিতা বামপার্শ্বে তু দক্ষিণে চাপরাজিতা॥ ২০ শিখাং মে ছোতিনী রক্ষেত্রমা মূর্দ্ধি, ব্যবস্থিতা। भानाधती ननारहे ह व्हरताम (धर यमस्मिनी ॥ २১ নেত্রয়োশ্চিত্রনেত্রা চ যমঘণ্টা তু পার্শ্বকে। •শিদ্ধিনী চক্ষুষোর্ম্মধ্যে শ্রোত্রয়োদ্ব রিবাসিনী॥ ২২ কপোলো কালিকা রক্ষেৎ কর্ণমূলে চ শঙ্করী। নাসিকায়াং স্থগন্ধা চ উত্তরেছি চ চর্চ্চিকা॥২৩ অধরে চামতা চৈব জিহ্বায়াঞ্চ সরস্বতী। দন্তান্ রক্ষত্ন কোমারী কণ্ঠমধ্যে তু চণ্ডিকা॥ ২৪ ঘণ্টিকাং চিত্রঘণ্টা চ মহামায়া চ তালুকে। কামাখ্যা চিবুকং রক্ষেদ্ বাচং মে সর্ব্যঙ্গলা ॥২৫ শ্ববাহনা চামুণ্ডাদেবী আমার দশ দিক রক্ষা করুন ॥ ১৭—১৯॥ জয়-দেবী আমার সমুখভাগ, বিজয়া পুঠদেশ, অজিতা বামপার্য, অপরাজিতা দক্ষিণ পার্য রক্ষা করুন। (এইরপে) ছোতিনী আমার শিখা, উমা मञ्जक, मालाधरी ननां हे, वनश्विनी ज्युगत्नर मध्य, हिज्ञत्वा नसम्बर, যমঘটা পার্খনেশ, শঙ্খিনী চক্ষ্ম্ব্যের মধ্য (তারকা), দ্বারবাসিনী कर्षचय्र, कालिका शख्युगल, मक्कती कर्पमूल, खगमा नामिका, ठिफिका ওষ্ঠ, অমৃতা অধর, সরস্বতী জিহ্বা, কৌমারী দস্তপঙ্ক্তি, চণ্ডিকা কণ্ঠ-

মধ্য, চিত্রঘণ্টা অগ্রজিহ্বা (আলজিভ), মহামায়া তালুদেশ, কামাথ্যা

ত্রীবারাং ভদ্রকালী চ পৃষ্ঠবংশে ধনুর্দ্ধরী।
নীলগ্রীবা বহিঃকঠে নলিকাং নলক্বরী॥ ২৬
থড়গধারিণুডে সন্ধো বাছু মে বজ্রধারিণী।
হস্তয়োর্দ্ভিনী রক্ষেদস্বিকা চাঙ্গুলীস্তথা॥ ২৭
নথান্ স্বরেশ্বরী রক্ষেৎ কুক্ষো রক্ষেমরেশ্বরী।
স্তনো রক্ষেমহাদেবা মনঃ শোকবিনাশিনী॥ ২৮
হৃদয়ে ললিতা দেবী উদরে শূলধারিণী।
নাভো চ কামিনা রক্ষেদ্ গুহুং গুহুেশ্বরী তথা॥ ২৯
মেত্রং রক্ষতু তুর্গন্ধা পায়ুং মে গুহুবাদিনী।
কট্যাং ভগবতী রক্ষেদুর মে ঘনবাহনা॥ ২০
জক্ষে মহাবলা রক্ষেজ্জানু মাধবনায়িকা।
গুল্ফয়োর্নারিদংহী চ পাদপৃষ্ঠে চ কোষিকী॥ ৩১

পাদাঙ্গুলীঃ শ্রীধরী চ তলং পাতাল-বাসিনী। নথান্ দংষ্ট্রাকরালী চ কেশান্মে উদ্ধিকেশিনী॥ ৩২ রোমকুপাণি কৌমারী স্বচং যোগেশ্বরী তথা। রক্তং মাংসং বসাং মজ্জামস্থি মেদশ্চ পার্ববতী॥ ৩৩ অন্ত্রাণি কালরাত্রী চ পিতৃঞ্চ মুকুটেশ্বরী। পদ্মাবতী পদ্মকোষে কক্ষে চূড়ামণিস্তথা॥ ৩৪ জ্বালামুখী নথজ্বালামভেন্তা সর্ববসন্ধিষু! শুক্রং ব্রহ্মাণী মে রক্ষেচ্ছায়াং ছত্রেশ্বরী তথা॥ ৩৫ অহস্কারং মনো বুদ্ধিং রক্ষেন্মে ধর্মধারিণী। প্রাণাপানো তথা ব্যানমুদানঞ্চ সমানকম্॥ ৩৬ বজ্রহন্তা তু মে রক্ষেৎ প্রাণান্ কল্যাণশোভনা। রদে রূপে চ গন্ধে চ শব্দে স্পর্শে চ যে।গিনী॥ ৩৭ मदुः तक्षरुभटेश्वत तटकक्षाताराणी मना । আয়ু রক্ষতু বারাহী ধর্মং রক্ষতু বৈষ্ণবী॥ ৩৮

(গোড়ালি), কৌষিকী পদদ্বের পৃষ্ঠদেশ, শ্রীধরী পদাঙ্গুলিসমূহ, পাতাল-বাসিনী পদতল, দংখ্রাকরালী পদনথসমূহ, উদ্ধকেশিনী কেশসমূহ, কৌমারী লোমক্পসমূহ, যোগেশ্বরী ত্বক্, পার্বতী রক্ত, মাংস, বসা, মজ্জা, অন্থি ও মেদ, কালরাত্রী অন্ত্রসমূহ, মুকুটেশ্বরী পিত্ত, পদ্মাবতী পদ্মকোষ (ফুস্ফুস্), চূড়ামণি কফ্, জালাম্থী নথের দীপ্তি, অভেতা সমস্ত সদ্ধিস্থান যশঃ কীর্ত্তিঞ্চ লক্ষ্মীঞ্চ সদা রক্ষতু বৈষ্ণবী।
গোত্রমিন্দ্রাণী মে রক্ষেৎ পশূন্ রক্ষেক্ত চণ্ডিকা॥ ৩৯
পুত্রান্ রক্ষেন্যহালক্ষ্মীর্ভার্যাং রক্ষতু ভৈরবী।
ধনেশরী ধনং রক্ষেৎ কোমারী কত্যকাং তথা॥ ৪০
মার্গং ক্ষেমঙ্করী রক্ষেদ্ বিজয়া সর্ববতঃ স্থিতা।
রক্ষাহীনঞ্চ যৎ স্থানং বর্জ্জিতং কবচেন তু।
তৎ সর্ববং রক্ষ মে দেবি তুর্গে তুর্গাপহারিণি॥ ৪১
সর্ববিক্ষাকরং পুণ্যং কবচং সর্ববদা জপেৎ।
ইদং রহস্তং বিপ্রর্ষে ভক্ত্যা তব ময়োদিতম্॥ ৪২
দেব্যাস্ত কবচেনেবমরক্ষিততনুঃ সুধীঃ।

পাদিমেকং ম গতেছত যদীতেছতছু ভমা মানঃ ॥ ৪ ০ বন্ধাণী শুক্র, ছত্রেখনী ছায়া, ধর্ম্মারিণী অহঙ্কার মন এবং বৃদ্ধি, কল্যাণ-শোভনা বক্জহতা প্রাণ-অপান-ব্যান-উদান-সমান ভেদে পঞ্চ প্রাণবায়ু, ঘোগিনী রূপ, রুস, গন্ধ, স্পর্শ ও শন্ধ, নারায়ণী সত্ত, রুজঃ ও তমঃ, বারাহী আয়ুঃ, বৈষ্ণবী ধর্ম, যণ, কীর্ত্তি এবং লক্ষ্মী, ইন্দ্রাণী গোত্র, চণ্ডিকা গথাদি পশুসমূহ, মহালক্ষ্মী পুরুসমূহ, ভৈরবী ভার্মা, ধনেশ্বরী ধন, কৌমারী কন্সা, ক্ষেমঙ্করী গন্তব্যপথ এবং বিজয়া সর্ব্রেই রুকা করুন। হে তৃঃথনাশিনি! ছুর্নে! আমার যে যে স্থান কবচ দ্বারা রক্ষিত হয় নাই, তং সমস্তই তুমি রক্ষা কর ॥ ২০—৪১ ॥ হে বিপ্রর্ধে! আমি তোমার ভক্তিতে আরুষ্ট হইয়া এই গোপনীয় কবচ বিলাম; সর্ব্রক্ষাকর পুণ্যদায়ক এই কবচ

কবচেনারতে। নিত্যং যত্র যত্রাবতিষ্ঠতে।
তত্র তত্রার্থলাভঃ স্থাদ্ বিজয়ঃ সার্বকালিকঃ॥ ৪৪
যং যং চিন্তয়তে কামং তং তমাপ্রোতি লীলয়া।
পরমৈশ্বর্যমতুলং প্রাপ্রোত্যবিকলঃ পুমান্॥ ৪৫
নির্ভয়ো জায়তে মর্ত্তঃ সংগ্রামেষপরাজিতঃ।
ত্রৈলোক্যে চ ভবেৎ পূজ্যঃ কবচেনারতঃ পুমান্॥৪৬
ইদং তু দেব্যাঃ কবচং দেবানামপি ত্বর্ল ভম্।
যঃ পঠেৎ প্রয়তো নিত্য ত্রিসন্ধ্যং শ্রদ্ধয়ান্বিতঃ॥ ৪৭
দেবী বশ্যা ভবেতস্থা ত্রৈলোক্যে চাপরাজিতঃ।
জীবেদ্ বর্ষশতং সাফ্টমপমৃত্যু-বিবর্জ্জিতঃ॥ ৪৮

সর্বাদ জপ করিবে। মঙ্গলকামী স্থাগণ এই কবচের দারা আত্মরক্ষা না করিয়া একপাদ গমন করিবেন না॥ ৪২।৪৩॥ এই কবচ দারা রক্ষিত হইয়া যে যে স্থানে যাইবে, তাহার সেই সেই স্থানেই অভীষ্ট লাভ এবং সর্বাদা বিজয় লাভ হইকে॥ ৪৪॥ মহুষাগণ ইহা দারা সম্পূর্ণভাবে পরমের্য্যা লাভ করিতে পারিবে এবং অনায়াসেই ইচ্ছাহুরপ ফল লাভ করিবে॥ ৪৫॥ এই কবচ দারা রক্ষিত মহুষ্য নির্ভয় হইয়া যুদ্ধে জয়লাভ করিবে এবং তালোক্যে পূজিত হইবে॥ ৪৬॥ যে ব্যক্তি বিসন্ধ্যায় শ্রেদাহকারে একান্তমনে দেবগণেরও তুর্লভ এই কবচ পাঠ করিবে, দেবী তাহার বশীভূত হইবেন, সেই ব্যক্তি বিলোকমধ্যে অজেয় হইয়া সম্পূর্ণ আয়ুং ভোগ করিবে, তাহার অপমৃত্যু হইবেনা॥ ৪৭।৪৮॥

নশ্যন্তি ব্যাধয়ঃ সর্ব্বে লূতা-বিস্ফোটকাদয়ঃ। স্থাবরং জন্সমং বাপি কৃত্রিমং বাপি যদূ বিষম্॥ ৪৯ অভিচারাণি সর্ব্বাণি মন্ত্রযন্ত্রাণি ভূতলে। ভূচরাঃ খেচরাশ্চেব কুলজাশ্চোপদেশজাঃ॥ ৫০ সহজাঃ কুলিকা নাগা ডাকিনী শাকিনী তথা । অন্তরীক্ষচরা ঘোরা ডাকিন্যশ্চ মহারবাঃ॥ ৫১ গ্রহভূত-পিশাচাশ্চ যক্ষ-গন্ধর্ব্ব-রাক্ষসাঃ। ব্রহ্মরাক্ষ্ম-বেতালাঃ কুমাণ্ডা ভৈরবাদয়ঃ॥ নশান্তি দর্শনাত্তস্য কবচেনামতো হি यः॥ ৫২ মানোন্নতির্ভবেদ্রাজ্ঞস্তেজোরুদ্ধিঃ পরা ভবেৎ। যশোরদ্ধির্ভবেৎ পুংসাং ক।র্ত্তির্দ্ধিশ্চ জায়তে॥ ৫৩ তম্মাজ্জপেং সদা ভক্ত্যা কবচং কামদং মুনে। জপেৎ সপ্তশতীং চণ্ডীং কৃত্বা কবচমাদিতঃ॥ নির্বিল্পেন ভবেৎ দিদ্ধি*চণ্ডীজপ-সমুদ্রবা॥ ৫৪

যে ব্যক্তি এই কবচ দারা রক্ষিত হয়, তাহার ছুইব্রণাদি সমস্ত ব্যাধি বিনষ্ট হয়, তাহার প্রতি প্রযুক্ত স্থাবর জঙ্গমাদি বিষ, উচ্চাটনাদি সমস্ত অভিচার কিংবা সমস্ত মন্ত্রতন্ত্র বিনষ্ট ও বিফল হয়। গ্রহ, ভূত, পিশাচ, ডাকিনী, যোগিনী, ব্রদ্ধরাক্ষদ, বেতাল, কুমাও, ভৈরবাদি ভূচর ও খেচর, যাবতীয় অপদেবতা সমূহ তাহার দর্শন মাত্রেই যাবদ্ধমণ্ডলং ধত্তে সশৈলবনকাননম্। তাবতিষ্ঠতি মেদিন্যাং জপকর্ত্ত্বৰ্হি সন্ততিঃ॥ ৫৫ দেহাত্তে পরমং স্থানং যৎ স্থারেরপি তুর্ল ভম্। সম্প্রাপ্নোতি মনুষ্যোহদো মহামায়াপ্রসাদতঃ॥ ৫৬ তত্র গচ্ছতি ভক্তো২সো পুনরাগমনং ন হি। লভতে পরমং স্থানং শিবেন সমতাং ব্রজেৎ॥ ৫৭ ওঁ॥ ইতি শ্রীহরিহরব্রন্স-বিরচিতং দেব্যাঃ কবচম

সমাপ্তম ॥

পলায়ন করে ॥ ৪৯—৫২ ॥ যেহেতু এই কবচ দারা রাজ্সমীপে মানোন্নতি এবং তেজ্ঞা, ষশঃ ও কীতি বৃদ্ধি হইগা থাকে, অতএব হে মুনে! অভীষ্টদায়ক এই কবচ ভক্তিভাবে দদা পাঠ করিবে। প্রথমে এই কবচ পাঠপর্ব্বক সপ্তশতী পাঠ করিলে চণ্ডীপাঠোক্ত ফলের সিদ্ধি লাভ হইয়া থাকে ॥ ৫০।৫৪ ॥ যে পর্যান্ত পর্বত কাননাদি সহ এই ভূমগুল বিজ্ঞমান থাকিবে তাবৎকাল পর্যান্ত জপকারী ব্যক্তি মহামায়ার অনুগ্রহে দেহান্তে দেবগণেরও অগম্য পরমলোক[®]প্রাপ্ত হইয়া শিবের সাযুজ্য লাভ করিবেন এবং তাঁহার মর্ত্ত্যধামে পুনরাগমন হইবে না ॥ ৫৫— ৫৭

॥ * ॥ হরিহরব্দ্ধবির্চিত দেবীকবচের অমুবাদ সমাপ্ত ॥ * ॥

অথ রাত্রিসূক্তম্

রাত্রীতি স্কুল্ড কুশিকঋষিরাত্তির্দেবতা, গায়ত্রীচ্ছনঃ, শ্রীজগদম্বা-श्रीजार्थ मध्यकौशाशिको ज्ञाल विभित्यांगः। ওঁ রাত্রী ব্যখ্যদায়তা পুরুত্রা দেব্যক্ষভিঃ। বিশ্বা অধি প্রৈয়েইধিত ॥ ১ ওর্বপ্রা অমর্ত্ত্যা নিবতো দেব্যুদ্বতঃ। জ্যোতিষা বাধতে তমঃ॥ ২ নিরু স্বদারমস্কতোষদং দেব্যায়তী। অপেতুহাদতে তমঃ॥৩ সা নো অন্ত যন্তা বয়ং নিতে যামন্ত্রবিক্ষাহি। যুক্ষেণ বসতিং বয়ঃ॥ ৪ নি গ্রামাসো অবিক্ষত নিপদ্বন্তো নিপক্ষিণঃ। নিশ্যেনাসশ্চিদর্থিনঃ॥ ৫ যাবয়া ত্বক্যং ত্বকং যবয়স্তেনমূর্শ্যে। অথানঃ স্থতরা ভব॥ ৬ উপ মা পেপিশতমঃ কৃষ্ণঃ ব্যক্তমস্থিত। উষ ঋণেব যাত্য়॥ ৭ উপ তে গা ইবাকারং রণীম্ব ছহিতর্দিবঃ রাত্রি স্থোমং ন জিগুয়ে ॥ ৮

॥ * ॥ ইতি রাত্রিসূক্তম্ ॥ *

[২] ওঁ রাত্রিং প্রপত্যে পুনর্ভূং ময়োভূং কন্যাং শিখণ্ডিনীং পাশহস্তাং যুবতীং কুমারিণীমাদিত্যঃ শ্রীঃ চক্ষুষেবাস্তঃ প্রাণায় সোমো গন্ধায়াপঃ স্ক্রেয় মনো২-মুজ্ঞায় পৃথিব্যৈ শরীরম্।

(পৌরাণং স্তর্ঞ-"বিধেধরীং জগদ্ধাত্রী"মিত্যারভা "বোদ*চ ক্রিয়-তামশু হস্তুমেতৌ মহাস্ক্রো" ইত্যন্তং প্রথমমাহাত্মো দুইবাম্)। ইতি রাত্রিস্ক্রম।

ঋষ্যাদিন্তাসঃ

প্রথমচরিতস্থ ব্রহ্মঋষিঃ। মহাকালী দেবতা। গায়ত্রীচ্ছন্দঃ। নন্দা শক্তিঃ। রক্তদন্তিকা বীজম্। অগ্নিস্তত্ত্বম্। ঋগ্বেদস্বরূপম্। শ্রীমহাকালীপ্রীত্যর্থং প্রথম-চরিতজ্ঞপো বিনিয়োগঃ।

धानः-

ওঁ খড়গং চক্রগদেষু-চাপ-পরিঘান্ শূলং ভূশুগুীং শিরঃ, শঁখাং সন্দর্ধতীং করৈস্ত্রিনয়নাং সর্বাঙ্গভূষারতাম্। যামস্তৌচ্ছয়িতে হরো কমলজো হস্তুং মধুং কৈটভং নীলাশ্যন্ত্যতিমাস্থ-পাদদশকাং সেবে মহাকালীকাম্॥

মধ্যমচরিতশু বিষ্ণুঋষিঃ। মহালক্ষীর্দেবতা। উষ্ণিক্-ছন্দঃ। শাকম্ভরী শক্তিঃ। তুর্গা বীজম্। বায়ুস্তত্ত্বম্।

[85]

যজুর্ব্বেদস্বরূপম্। মহালক্ষীপ্রীত্যর্থং মধ্যম-চরিতজ্পে বিনিয়োগঃ।

शानः-

ওঁ অক্ষত্রক্পরশুং গদেযুক্লিশং পদাং ধনুং কুণ্ডিকাং,
দণ্ডং শক্তিমদিঞ্চ দর্ম জলজং ঘণ্টাং স্করাভাজনম্।
শূলং পাশস্কদর্শনে চ দধতীং হক্তৈঃ প্রদন্ধাননাং,
দেবে দৈরিভমর্দিনীমিহ মহালক্ষ্মীং দরোজস্থিতাম্॥
উত্তরচরিতস্থ রুদ্রেখিঃ। মহাদরস্বতী দেবতা।
অনুষ্ঠুপ্ ছন্দঃ। ভীমা শক্তিঃ। ভামরী বীজম্।
দূর্য্যস্তত্ত্বম্। সামবেদস্বরূপয়্। মহাদরস্বতীপ্রীত্যর্থম্
উত্তরচরিতজ্ঞপে বিনিয়োগঃ।

ধ্যানং—

ঘণ্টাশূলহলানি শদ্মমুসলে চক্রং ধনুঃ সায়কং, হস্তাক্তৈর্দিধতীং ঘনান্তবিলসচ্ছীতাংশু-তুল্যপ্রভাম । গৌরীদেহসমুদ্ধবাং ত্রিজগতামাধারভূতাং মহা,-পূর্ববামত্র সরস্বতীমনুভজেচ্ছুম্ভাদিদৈত্যাদ্দিনীম্ ॥ ওঁ নারায়ণং নমস্কৃত্য নরক্ষৈব নরোক্তমম্ । দেবীং সরস্বতীক্ষৈব ততো জয়মুদীরয়েৎ ॥

<u> এটা</u>চণ্ডা

॥ ওঁ নমশ্চণ্ডিকারিয়॥

মার্কণ্ডেয় উবাচ॥ ১

ওঁ সাবর্ণিঃ সূর্য্যতনয়ো যো মন্মঃ কথ্যতে২ফীমঃ। নিশাময় তত্ত্বৎপত্তিং বিস্তরাদ্যাদতো মম॥ ২

